# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 30 ■ 25th July, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88





ITI ডিপ্লোমা কোর্স থাকা সত্ত্বেও মনের মতো চাকরি না পেয়ে
DESUN এর ট্রেনিংয়ে পেলাম IT JOB
DESUN ACADEMY
Get Placed by Skills
ডিগ্রি আছে... কিন্তু চাকরি নেই? Problem ডিগ্রি না ... Skill Gap
+91 94296 91888 | www.desunacademy.in


ও.বি.সি সংরক্ষণের জট কাটিয়ে আর মামলায় আটকে থাকা শূন্যপদ পূরণের লক্ষ্যে

# রাজ্য সরকার নিয়োগের কাজ দ্রুত সারতে তৎপর

## পড়ে থাকা নিয়োগের অবস্থান জানতে ১১ নিয়োগ সংস্থাকে চিঠি

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** ও.বি.সি. সংরক্ষণ জটের জন্য হাজার হাজার শূন্যপদের নিয়োগ আটকে রয়েছে। তাই দ্রুত নিয়োগের জন্য সব নিয়োগকারী সংস্থার কাছে নিয়োগসংক্রান্ত বিস্তারিত তথ্য জানতে চিঠি পাঠিয়েছে অন্যান্য অনগ্রসর শ্রেণি কল্যাণ দফতর।
সম্প্রতি কলকাতা হাই কোর্ট, এরপর ১২ পাতায়

## নবম থেকে দ্বাদশের শিক্ষক নিয়োগ ৩১ আগস্টের মধ্যে

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের শিক্ষক-শিক্ষিকা পদের নিয়োগ প্রক্রিয়া শেষ করতে হবে ৩১ আগস্টের মধ্যে। সুপ্রিম কোর্ট জানিয়েছে, ৩১ আগস্টের মধ্যে ২০১৬ সালের চাকরিহারা প্রার্থীদের নিয়োগ প্রক্রিয়া শেষ না করলে, ফের তাঁরা চাকরিহারা হবেন। এরপর ১২ পাতায়


ICE Academy
WBCS, SSC, Rail, Bank
PTET, CTET, UPTET ব্যাচ
WB State Exams-এর
স্পেশাল ব্যাচ প্রতি রবিবার
সেরা প্রশিক্ষকদের ক্লাস
বালিগঞ্জ : 9804412898
শিয়ালদহ : 7044981821


## বন দফতরে নিয়োগ হবে পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** বন দফতরে এবার থেকে নিয়োগ হবে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে। সাধারণত বন দফতরে ফরেস্ট গার্ড, বন সহায়ক, ফরেস্ট রেঞ্জার, ক্লার্ক, গ্রুপ-ডি, অপারেটর ইত্যাদি পদে নিয়োগ করা হয়। এর মধ্যে ফরেস্ট গার্ড পদে নিয়োগ করা হত পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট এরপর ১২ পাতায়

### কলকাতার ১২২টি আইটি কোম্পানিতে

## ৪৪,৫২১ GenAI বেসড UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার

**পারমিতা মিত্র, সল্টলেক :** কলকাতার ১২২টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ২৫,৩১২ 'GenAI বেসড UI/UX ডিজাইনার' ও ১৯,২০৯ 'GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

**পদ :** GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার।' বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের এরপর ১০ পাতায়

### কেন্দ্রীয় সংস্থায়

## ১৩৩ সায়েন্টিস্ট

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি :** কেন্দ্রীয় সরকারের ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের অধীন ইন্ডিয়ান কম্পিউটার এমার্জেন্সি রেসপন্স টিম (CERT-In) 'সায়েন্টিস্ট -বি' পদে ১৩৩ জন ছেলেমেয়ে নিচ্ছে। এরপর ২ পাতায়

### TCS, Wipro সহ কলকাতার প্রথম সারির আইটি কোম্পানিতে

## সামনের ৯ মাসে AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৬১,৩২২ নিয়োগ

মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে

উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

**সৈকত হালদার, কলকাতা :** পূর্ব ভারতের আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা রিক্রুটার TCS এর ট্রেনিং অ্যান্ড ট্যালেন্ট ডেভেলপমেন্ট উইং-এর রিজিওনাল হেড শ্রবণ দত্ত একটি অদ্ভুত তথ্য দিলেন। শেষ ২টি কোয়ার্টারে (জানুয়ারী-জুন, ২০২৬) শুধুমাত্র এরপর ৬ পাতায়

## উত্তর-পূর্ব সীমান্ত রেলে ৬,৭৭৭

**নিজস্ব সংবাদদাতা, গুয়াহাটি :** উত্তর-পূর্ব সীমান্ত রেলের বিভিন্ন ডিভিশনে 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ৬৭৭৭ জন লোক নেওয়া হচ্ছে।
কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, ডিজেল মেকানিক, ওয়েল্ডার, রেফ্রিজারেটর অ্যান্ড এ.সি. মেকানিক, টার্নার, ফিটার স্ট্রাকচারাল, ইলেক্ট্রনিক্স মেকানিক, লাইনম্যান, ম্যাসন, পেইন্টার, কার্পেন্টার, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রিক মেন্টেন্যান্স সিস্টেম-সহ সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ১৯-৮-২০ ২৬'এর হিসাবে এরপর ৯ পাতায়

## ডি.এল.এড কোর্সে ভরতির শেষ তারিখ বাড়ল

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গের ২৩টি জেলার সরকার অনুমোদিত ও সরকার পোষিত আর বেসরকারি ৬৫৬টি প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে এরপর ১০ পাতায়

## ডিসেম্বরের মধ্যেই পঞ্চায়েতে ১১ হাজার নিয়োগ প্রক্রিয়া শুরু হবে : দিলীপ ঘোষ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** সোমবার বিধানসভায় নিজের ঘরে পঞ্চায়েতমন্ত্রী দিলীপ ঘোষ বলেন, 'এবছরই পঞ্চায়েত দফতরে ১১ হাজার কর্মী নিয়োগের প্রক্রিয়া শুরু হতে চলেছে। এতদিন পঞ্চায়েত আইনের মাধ্যমে জেলা স্তর থেকে এই নিয়োগ হত। কিন্তু এবার সেই নিয়োগ হবে স্বশাসিত সংস্থা পশ্চিমবঙ্গ পাব্লিক

### পি.এস.সি'র মাধ্যমে

সার্ভিস কমিশনের মাধ্যমে। পঞ্চায়েতে নিয়োগের দায়িত্ব পিএসসির হাতে তুলে দেওয়ার আগে আইন সংশোধনের দরকার। তাই সেই প্রক্রিয়া ডিসেম্বরেই শুরু হবে। কর্মীর অভাবে পঞ্চায়েতগুলিতে কাজ হচ্ছে না। এর ফলে সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। তাই তড়িঘড়ি পঞ্চায়েতে নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

## রেলে ১১৯ সেকশন কন্ট্রোলার

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কলকাতা, মালদহ, শিলিগুড়ি, গুয়াহাটি, পটনা, রাঁচি, চণ্ডীগড়, ভোপাল, মুম্বই, চেন্নাই, ভুবনেশ্বর, বিলাসপুর, আহমেদাবাদ, আজমীর, এলাহবাদ, বেঙ্গালউরু, গোরক্ষপুর, জম্মু-শ্রীনগর, মজঃফরপুর, সেকেন্দরাবাদ ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের বিভিন্ন জোনে 'সেকশন কন্ট্রোলার' পদে ১১৯ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।
যে কোনো শাখার গ্র্যাজুয়েট এরপর ৬ পাতায়

## ইন্ডিয়ান অয়েলে ১,৪৫০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের পানিপথ রিফাইনারি ও পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর)' ও 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর - স্কিল সার্টিফিকেট হোল্ডার)' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ১,৪৫০ জন লোক নিচেছ।

**কারা কোন ট্রেডের জন্য যোগ্য :**
**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -কেমিক্যাল:** কেমিক্যাল, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল টেকনোলজি, রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত এরপর ৫ পাতায়

## কোল ফিল্ডে ৭০৩ সার্ভেয়ার

### নদার্ন কোল ফিল্ডে ২৫৯

**নিজস্ব সংবাদদাতা, সম্বলপুর :** কোল ইন্ডিয়ার সহায়ক সংস্থা নর্দার্ন কোলফিল্ডস লিমিটেড 'মাইনিং সির্দার' ও 'সার্ভেয়র' পদে ২৫৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :
মাইনিং সির্দার : মাধ্যমিক পাশরা এরপর ৯ পাতায়

### ওয়েস্টার্ণ কোল ফিল্ডে ৪৪৪

**নিজস্ব সংবাদদাতা, নাগপুর :** কোল ইন্ডিয়ার সহায়ক সংস্থা ওয়েস্টার্ন কোলফিল্ডস লিমিটেড 'মাইনিং সির্দার' ও 'অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ট্রেনি) (ইলেক্ট্রিক্যাল) / ইলেক্ট্রিক্যাল সুপারভাইজর, টি অ্যান্ড এস গ্রেড-সি' পদে ৪৪৪ এরপর ৫ পাতায়

## বিমা সংস্থায় ৫০০ অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কেন্দ্রীয় সরকারি সংস্থা ন্যাশনাল ইনসিওরেন্স কোম্পানি লিমিটেড 'অ্যাসিস্টান্ট' পদে ৫০০ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন, সেই রাজ্যের আঞ্চলিক ভাষায় কথাবার্তা বলা ও লেখায় দখল থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০ ২৬'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২৭-১৯৯৬ থেকে ১-৭-২০০৫'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর,' এরপর ২ পাতায়

## ৫৫ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** হিন্দুস্তান পেট্রোলিয়াম গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস হিসাবে ৫৫ জন লোক নিচ্ছে। সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬০ শতাংশ (তপশিলী, প্রতিবন্ধী এরপর ৬ পাতায়


রেল গ্রুপ 'ডি'
সাফল্য
সাধারণ জ্ঞান

PSC মিসলেনিয়াস প্রিলি
GK স্পেশাল
শীঘ্র পেতে যোগাযোগ করুন
হেল্পলাইন
6291684943

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

### স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422
R

ভর্তি চলছে (JULY '26 TO JUNE 27, (SUNDAY) সেশন
**বঙ্গীয় বিজ্ঞান পরিষদ**
ডিপ্লোমা ইন ফিজিওথেরাপী অ্যান্ড যোগথেরাপী (১ বছর, যোগ্যতা মাধ্যমিক) যোগাযোগ : কর্মসচিব, পি-২৩, রাজা রাজকৃষ্ণ স্ট্রীট, কল-৬, মোঃ 9163927421, 6291648608
SH

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন
✆ : 7890135514

### স্কুল-কলেজ-শিক্ষা

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, অপ্টোমেট্রি, প্যাথলজি (DMLT), X-Ray, ECG, EMT কোর্সে ভর্তি চলছে। CBMC-32, সূর্য্য সেন স্ট্রীট, কলি- 9, M- 7980637213
CM

**UGC স্বীকৃত CMSED & BNYS**
ভর্তি চলছে। UGC স্বীকৃত ইউনিভার্সিটি থেকে CMS & ED কোর্স করে বৈধভাবে প্র্যাকটিস করতে পারবেন। BNYS (Ayush) Dr. রেজিস্ট্রেশন নিয়ে প্র্যাকটিস। ক্লাস : শনি ও রবিবার। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সায়েন্স (30 বছরের বিশ্বস্ত প্যারামেডিকেল কলেজ)। গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84. 45A বাসস্ট্যান্ডের বিপরীতে। www.camsversity.com 7980054389 / 7439213900
D

**GNM (WBNC)** নার্স নেওয়া হচ্ছে
সরাসরি ইন্টারভিউ
জীবনদীপ নার্সিং হোম
আংরাইল, বনগাঁ, উঃ ২৪ পরগনা
8972358009
7431037704

### কর্মখালি

কলকাতায় Tally, Excel জানা অ্যাকাউন্ট্যান্ট দরকার। কোল্ড স্টোরেজ বা লজিস্টিক্সে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। M: 8777741107
SH(A).

**প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব**
Age : 18–35, HS & Graduate, Salary : 15K–27K, নিজ এলাকা। হাওড়া - হুগলী - 6291125164, নৈহাটী-শিয়ালদা : 8282865342
R

**আর্জেন্ট জব ভ্যাকান্সি**
দমদম ও বাগডোগড়া এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন স্থায়ী পদে যোগ্যতানুযায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন- (16500–62900)। থাকা ও খাওয়া ফ্রি। M : 7431933893
SA(A)

নিজের ভবিষ্যৎ গড়ে তুলুন দেশের সর্ব বৃহৎ এবং বিশ্বস্ত সংস্থার সাথে। যোগ্যতা : উচ্চমাধ্যমিক +, সত্বর যোগাযোগ: 7003534060
SH

### কর্মখালি

কলকাতায় ২ বছরের অভিজ্ঞ মাধ্যমিক পাশ এক্সিকিউটিভ ম্যানেজার দরকার। Mob: 8777741107
SH(A).

**সরাসরি ৭ দিনে জয়েনিং**
উঃবঙ্গ-সহ 23 জেলায় স্থায়ী চাকরি গভঃ রেজি নং 3861, বেতন : 19,500–39,000. ক্লার্ক, SV ইনচার্জ, ASV ম্যানেজার, পিওন, ব্যাঙ্ক (DSA) ATM, টাওয়ার গার্ড, EX-আর্মি গানম্যান, এয়ারপোর্ট, মেট্রো, জাহাজে বন্দরে, Co.-তে স্থায়ী চাকরি, ESI, PF, সমস্ত সুবিধা আছে। আসাম, ত্রিপুরা, ওড়িশার বিভিন্ন স্থানে গভঃ প্রোজেক্টে (কন্ট্রাক্টরের অধীনে) স্থায়ী চাকরি। পদ 284. যোগাযোগ- G.C.A বারাসাত, এজেন্ট স্বাগত। 8100137523 / 9933527495
SP

**100% স্থায়ী জব**
কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18700–67700). PF, ESI, ছুটি, বোনাস প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা পাবেন। M : 7602100586
SA(A)

### কর্মখালি

**Airport জব ভ্যাকান্সি**
শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন অফিসিয়াল পদে কন্ট্রাক্টরের অধীনে Airport-এ স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP– স্নাতক ও উর্ধ্বে। বেতন : (16200–65700)। থাকা, খাওয়া ফ্রি। 8367814774
SA(A)

**WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে**
বিভিন্ন পোস্টে Male/Female নিজ নিজ জেলায় নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন : 19K–56K. এক্স আর্মিদের বিশেষ সুবিধা আছে। M : 9475256825
SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন স্থায়ী পদে ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন- (17500–67700)। PF, ESI, মেডিকেল, বোনাস, প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা। M : 8371905718
SA(A)

### কর্মখালি

কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী কাজে M/F চাই। যোগ্যতা : মাধ্যমিক–স্নাতক। বেতন : 18,000 –65,000, থাকা-খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি। M : 6290261464
SA(A)

Punjab National Bank (DSA) বিভিন্ন সরকারি পোস্টে, নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/-– 72,900/-, H.R.-7586834410
SA

**মেট্রো জব ভ্যাকান্সি**
East.-West মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (16700–65900). থাকা, খাওয়া-সহ PF, মেডিকেল, বোনাস ও প্রমোশনের সুবিধা। 7797640316
SA(A)

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কেন্দ্রীয় সংস্থায় ১৩৩ সায়েন্টিস্ট

১ পাতার পর

কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, সফটওয়্যার টেকনোলজি, সফটওয়্যার সিস্টেম, টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, সাইবার সিকিউরিটি, ডিজিটাল ফরেন্সিক, মেশিন লার্নিং, ডাটা সায়েন্স, বিগ ডাটা অ্যানালিটিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ইনফর্মেশন সিকিউরিটি, কোয়ান্টাম কম্পিউটিং, ইন্টারনেট অফ থিংকস, ব্লকচেন টেকনোলজি, ক্লাউড সিকিউরিটি, ক্রিপ্টোগ্রাফির ডিগ্রি (বি.ই. / বি.টেক.) কোর্স পাশরা 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি' শাখার জন্য যোগ্য। সংশ্লিষ্ট শাখার এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য। এম.সি.এ. কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ৮৩টি (জেনাঃ ৩৫, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২৩, ই.ডব্লু.এস. ৭)।

কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার অ্যান্ড নেটওয়ার্ক সিকিউরিটি, সফটওয়্যার সিস্টেম, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেটিক্স, ইনফর্মেশন সিস্টেম, ইনফর্মেশন সিকিউরিটি, কম্পিউটার ম্যানেজমেন্ট, ইনফর্মেশন সায়েন্স, কম্পিউটেশনাল লিঙ্গুইস্টিক্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ডাটা সায়েন্স, সাইবার সিকিউরিটি, কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স, সাইবার ল অ্যান্ড ইনফর্মেশন সিকিউরিটি, অ্যাডভান্সড নেটওয়ার্ক, কম্পিউটেশনাল সায়েন্স, ক্রিপ্টোগ্রাফি, মেশিন লার্নিং, ক্লাউড সিকিউরিটি, ডিজিটাল ফরেন্সিক্স, ইন্টারনেট অফ থিংকস, কোয়ান্টাম কম্পিউটিং, ব্লকচেইন টেকনোলজির (বি.ই. / বি.টেক.) কোর্স পাশরা 'ডাটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২)।

ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স, টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন, ড্রোন টেকনোলজি, অটোনোমাস সিস্টেম ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি.টেক.) কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। সংশ্লিষ্ট শাখার মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)।

ওপরের সব ক্ষেত্রে ২০২৪, ২০২৫, ২০২৬'এর 'গেট' স্কোর করে থাকতে হবে। সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৭-৮-২০২৬'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : CERT-In/SCB/2026/1.

প্রার্থী বাছাই হবে 'গেট'এ পাওয়া স্কোর দেখে। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.cert-in.org.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো, সিগনেচার ও যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। তারপর ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। কোনো পরীক্ষা ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## বিমা সংস্থায় ৫০০ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,৬৪০-২১,০৫০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৫০০টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে ৪৬ (জেনাঃ ১৯, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি, প্রাঃসঃকঃ ৫টি, অন্যান্য ২টি, ব্যাকলগ প্রতিবন্ধী ২টি, ব্যাকলগ অন্যান্য ৩টি। ত্রিপুরা ২টি (জেনাঃ)। অসম ১৮টি (জেনাঃ ১০, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। বিহার -১২টি, আন্ধ্রা প্রদেশ ১৪টি, অরুণাচল প্রদেশ ৫টি, ছত্তিশগড় ১৮টি, গোয়া -২টি, গুজরাট ৩৪টি, হরিয়ানা -৩টি, হিমাচল প্রদেশ ২টি, ঝাড়খন্ড ১০টি, কর্ণাটক ৩০টি, কেরলম ৩৫টি, মধ্য প্রদেশ ১৮টি, মহারাষ্ট্র ৫৭টি, মেঘালয় ২টি, মিজোরাম ২টি, নাগাল্যান্ড ১টি, ওড়িশা ১৬টি, পঞ্জাব ১০টি, রাজস্থান ৩৬টি, সিকিম ১টি, তামিলনাড়ু ৪৯টি, তেলেঙ্গানা ১৫টি, উত্তর প্রদেশ ২৪টি, উত্তরাখন্ড ৮টি, চন্ডীগড় (ইউ.টি.) ৪টি, দিল্লি-২০টি, জম্মু ও কাশ্মীর ৪টি, পুদুচেরী ২টি। তপশিলী আর ও.বি.সি.'রা প্রি-এক্সামিনেশন ট্রেনিং নিতে চাইলে ন্যাশনাল ইন্সিওরেন্স কোম্পানির রিজিওন্যাল অফিসে যোগাযোগ করবেন। তখন রিজিওন্যাল অফিস নথিভুক্ত প্রার্থীদের বিস্তারিত তথ্য জানিয়ে দেবে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে ২৭ আগস্ট। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গ : কলকাতা/ গ্রেটার কলকাতা, আসানসোল, শিলিগুড়ি, বর্ধমান, দুর্গাপুর, হুগলি, কল্যাণী। অসম : ডিব্রুগড়, গুয়াহাটি, জোরহাট, শিলচর। ত্রিপুরা : আগরতলা। ঝাড়খণ্ড : জামশেদপুর, রাঁচি। ওড়িশা : বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, রৌরকেলা। বিহার : ভাগলপুর, গয়া, পটনা। তারপর অনলাইন মেন পরীক্ষা। প্রিলিমিনারি পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৩০ নম্বর, (২) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৩৫ নম্বর। সময় থাকবে এক ঘন্টা।

সফল হলে মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পার্টের পরীক্ষার জন্য ডাকা হবে। এই পরীক্ষা হবে ৩০ অক্টোবর। এই পরীক্ষায় ২০০ নম্বরের ২০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) টেস্ট অফ রিজনিং -৪০ নম্বর, (২) টেস্ট অফ নিউমেরিক্যাল এবিলিটি -৪০ নম্বর, (৩) টেস্ট অফ জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বর, (৪) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৪০ নম্বর, (৫) টেস্ট অফ কম্পিউটার নলেজ -৪০ নম্বর। সময় থাকবে ২ ঘন্টা। এরপর ল্যাঙ্গোয়েজ টেস্ট হবে। অবজেক্টিভ টাইপের পেপারে নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সফল হলে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। ইন্টারভিউ দিতে যাতায়াতের দ্বিতীয় শ্রেণির ভাড়া পাবেন। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : https.nationalinsurance.nic.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, লেফট থাম্ব ইমপ্রেশন ও সিগনেচার স্ক্যান করে নেবেন। ফটো স্ক্যান করবেন ২০-৫০ কে.বি.'র মধ্যে আর সিগনেচার স্ক্যান করবেন ১০-২০ কে.বি.'র মধ্যে। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের প্যারাগ্রাফটি হাতে লিখে স্ক্যান করে নেবেন : 'I ----- (name of of the candidate), hereby declare that all information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Recruitment' লিঙ্কে ক্লিক করলে অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। তখন যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এরপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ দের ফী লাগবে না) টাকা জমা দেবেন ডেবিট কার্ড (রুপে, মাস্টার / ভিসা), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড, আই.এম.পি.এস. বা, মোবাইল ওয়ালেটের মাধ্যমে। টাকা জমা দেওয়ার পর আপনা থেকে ই-রিসিপ্ট পেয়ে যাবেন যা প্রিন্ট করে রেখে দেবেন। টাকা জমা দিতে পারবেন ৭ আগস্টের মধ্যে। এরপর ফটো ও সিগনেচার আপলোড করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। লিখিত পরীক্ষার সময় প্রিন্ট আউট ও ই-রিসিপ্টের মূল নিয়ে যেতে হবে।

# প্রগতি ITI-এ ভর্তি
## বহরমপুর ও কৃষ্ণনগরে

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২৬ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তি চলছে

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700


## অ্যাকাউন্টট্যান্ট ও এক্সিকিউটিভ নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কলকাতার নামী কোম্পানিতে 'অ্যাকাউন্ট্যান্ট' ও 'এক্সিকিউটিভ ম্যানেজার' পদে বেশ কিছু ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। 'অ্যাকাউন্ট্যান্ট' পদের বেলায় Tally ও Excel -এ দক্ষ হতে হবে। এছাড়াও কোল্ডস্টোরেজ বা লজিস্টিক্স-এ অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবে। 'এক্সিকিউটিভ ম্যানেজার' পদের বেলায় মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। ইচ্ছুক প্রার্থীরা বিশদে জানতে যোগাযোগ করুন : 8777741107.

## স্টেনোগ্রাফি শিখে নিশ্চিত চাকরি

শ্যামল দত্ত, কলকাতা : বাংলার যে কোনো প্রান্তে থেকে সরাসরি ডাকযোগে কম সময়ে শর্টহ্যান্ড শিখুন। মাত্র ৩ মাসের ক্লাস। কম্পিউটার টাইপে দক্ষতা অর্জন করলে নিশ্চিত চাকরি। (ছুটির দিন সহ শেষ ভর্তির তারিখ ৫ জুলাই)। E.C.C. : 9163538588.


# JDS PRIVATE ITI
BARASAT

YOUR RIGHT DESTINATION FOR TECHNICAL CAREER

ADMISSION OPEN 2026-28

FITTER & ELECTRICIAN (2 YRS COURSE)

Since 2014, we have trained thousands of students who are now successfully working in reputed organizations like

RAIL METRO SHIPPING MNCS

8.9/10 GRADE — TOTAL OF 14743 ITI COLLEGES ACROSS INDIA



AFFILIATED TO NCVT GOVT. OF INDIA | APPROVAL NO. DGET/6/26/02/2014-TC | ESTD. 2014

Call: 8336923222 | 8926323165 | 7908500267

SKILLED TODAY, SUCCESSFUL TOMORROW



# BIPS
Kalyani, Nadia
Allied & Healthcare
Affiliated to WBUHS

## SITUATION VACANT

- Lab Assistant
  DMLT (3) D. Pharma (2)
- Assistant Professor (2)
  MMLS (Biochemistry/Haematology) MPT (Ortho/Cardio)
- Librarian (1)
- Hr executive (1)

Eligibility: Minimum 3 years of Experience

Send your CV within 10 days
bipsbengal@gmail.com


# MSME TOOL ROOM-KOLKATA

Ministry of Micro, Small & Medium Enterprises
Govt. of India Society
Bonhooghly Industrial Area, Kolkata-700108
E-mail : cttc-msme@gov.in Website : www.msmetoolroomkolkata.com

## ADMISSION NOTICE

### ENTREPRENEURSHIP CUM SKILL DEVELOPMENT ATI PROGRAMME

### FREE TRAINING PROGRAMME

MSME Tool Room-Kolkata is a leading Tool Room & Training Centre of India impart skill based training for aspiring candidates in the field of Manufacturing and CAD/CAM/CNC Technology. Following Training Programmes are designed to upgrade skills of prospective entrepreneurs and all interested students to become entrepreneur.

| No. | Course Title | Eligibility | Duration |
|---|---|---|---|
| 1. | Autocad (Mechanical) | ITI and above | 1 Month |
| 2. | Solidworks | ITI and above | 1 Month |
| 3. | Computer Hardware & Networking | 10th Pass and above | 1 Month |

**Interested candidate are requested to register themselves by visiting Training Cell of this Centre. Apply within 7 days.**

**All programmes will commence from August, 2026**

For Further Enquiry please visit our Website : www.msmetoolroomkolkata.com or Training Helpline No. : 9330193304

## ডায়মণ্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে

# সার ও কীটনাশকের লাইসেন্সের জন্য অত্যাবশ্যকীয় ও কর্মমুখী ১ বছরের অ্যাগ্রিকালচারের ডিপ্লোমা কোর্সে সীমিত আসনে ভর্তি

মাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য

নিজস্ব সংবাদদাতা : সারের বা কীটনাশকের দোকান আছে? বা খুলবেন বলে ভাবছেন? লাইসেন্স পেতে গেলে বা, কন্টিনিউ করতে হলে সরকারি নিয়মে বাধ্যতামূলক হয়ে গেছে, ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্স করা কোনো সরকারি ইউনিভার্সিটির সার্টিফিকেট-সহ। অনেকেই ভাবছেন কী কোর্স করলে চাকরি পাবো? পশ্চিমবঙ্গের বাইরে যেতে হবে কী কোর্সে ভর্তি হতে? সব সমস্যার সমাধান নিয়ে এই বছরে সীমিত আসনে ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্সে পশ্চিমবঙ্গ সরকারি ডায়মণ্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে ভর্তি শুরু হয়ে গেছে। কলেজে রয়েছে ১৫ বছরের বিশ্বস্ততা, বাংলার প্রতিটি জেলার হাজার-হাজার সফল ছাত্রছাত্রীদের বিশ্বাস, শ্রেষ্ঠ অধ্যাপকদের কাছে শিক্ষালাভের সুযোগ, নিজস্ব ফার্ম ইন্ডাস্ট্রিতে লাইভ ট্রেনিং, অত্যাধুনিক ল্যাব এবং ফ্রী স্পোকেন ইংলিশ ও সফট স্কিল ক্লাস এবং লাইসেন্স পাওয়ার জন্য প্রয়োজনীয় যোগ্যতা-সহ সর্বোচ্চ স্বীকৃত সরকারি বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট এবং শিক্ষান্তে চাকরির সুযোগ। তাই আর দেরি না করে এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানাতে : গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, গোবিন্দপুর, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 7059918186, 8981611881. Website : www.gurukuledutechcollege.com


# কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্স করলেই চাকরি সুনিশ্চিত

# School of Medical Technology

(ESTD- 1992)

Admission Notice 2026-27

## Allied Health care Courses (Paramedical)

9231520480 , 9874760012 ☎ 033 22272310 | www.ssmtskill.com | ssmtoffice@gmail.com

### Affiliated to University of Kalyani

- Diploma in Medical Laboratory Technique (DMLT)
- Diploma In Physiotherapy Technique (DPT)
- Diploma in Operation Theatre Technology (DOTT)
- Diploma in Optometry (D.OPT)

Duration - Two Years + 6 months post certification internship.

Scholarship facility available.

Students credit card facility available.

Job Assistance for every student on successful completion.

College Campus- A 11/39 Kalyani . Opposite A.11 Market . Nearest Railway Station - Kalyani Main Bus Stop - JIS more Dist - Nadia

### Collaborative Course- for IMA - BFUHS - as per NCAHP guideline

- Diploma in Medical Laboratory Technique (DMLT)
- Diploma In Radiology and Imaging Technology (DRIT)
- Diploma in Operation Theatre Technology (DOTT)

Duration - Two Years + 6 months post certification internship.

Certificate course : 1. Phlebotomy 2. GDA

Job Assistance for every student on successful completion.

MoU with NABH Hospitals
MoU with NABL Diagonestic centre and Laboratory

College Campus- 24 Girish Chandra Bose Road Kolkata -700014, Nearest Rly Station- Sealdah Bus Stop- Entally Market- Moulali

### B.Voc under Vidyasagar University

Affiliated College- Mahishadal Raj College
Training Provider of Mahishadal Raj college in allied health -School of Medical Technology

- B.Voc in Medical laboratory Technology (B.Voc MLT)
- B.Voc in Health Care

Duration - 3 Years + 6 months internship.

Job Assistance for every student on successful completion.

MoU with NABH Hospitals
MoU with NABL Diagonestic centre and Laboratory

College Campus- 24 Girish Chandra Bose Road Kolkata -700014, Nearest Rly Station- Sealdah Bus Stop- Entally Market- Moulali

# রেলে ৬,৫৫৭ টেকনিশিয়ান পদে চাকরি পেয়ে স্বপ্নের কেরিয়ার তৈরি করার সুবর্ণ সুযোগ

*সম্প্রতি কলকাতা, শিলিগুড়ি, মালদহ, গুয়াহাটি-সহ সারা দেশের ১৭টি জোন ও ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে টেকনিশিয়ান গ্রেড-I (সিগন্যাল) ও টেকনিশিয়ান গ্রেড-III পদে নিয়োগের জন্য অনলাইনে আবেদন প্রক্রিয়া নেওয়া চলছে। অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ২৯ জুলাই। রেলের এই প্রিমিয়াম পদে চাকরি পেতে প্রথমে সিবিটি-I ক্লিয়ার করতে হবে। আর কয়েক মাসের মধ্যেই এই পরীক্ষা। তাই এই অল্প সময়ের মধ্যে এই কঠিন পরীক্ষার সিলেবাস কভার করে ঠিক কী ধরনের স্ট্র্যাটেজি নিলে নিশ্চিতভাবে সাফল্য পাবেন তা নিয়ে খুঁটিনাটি আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

ভারতীয় রেলওয়েতে চাকরি পাওয়ার জন্য এই পরীক্ষার আবেদন পদ্ধতি ও নিয়োগ প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ নিচে দেওয়া হল :

**গুরুত্বপূর্ণ তারিখ :**

**আবেদনের শেষ তারিখ :** ২৯ জুলাই (রাত ১১:৫৯ পর্যন্ত)

**ফি জমা দেওয়ার শেষ তারিখ :** ৩১ জুলাই ২০২৬

**আবেদন সংশোধনের উইন্ডো :** ১-১০ আগস্ট।

**শিক্ষাগত যোগ্যতা ও বয়স :** টেকনিশিয়ান গ্রেড-১ (সিগন্যাল): সংশ্লিষ্ট ট্রেডে বি.এসসি, ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা ডিপ্লোমা।

**টেকনিশিয়ান গ্রেড-৩ :** ন্যূনতম মাধ্যমিক পাসের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ITI বা কোর্স কমপ্লিট অ্যাক্ট অ্যাপ্রেন্টিস (NAC)।

**বয়সসীমা:** প্রার্থীর বয়স ১ জুলাই ২০২৬ তারিখের মধ্যে ১৮ থেকে ৩০-৩৩ বছরের মধ্যে হতে হবে (সংরক্ষিত শ্রেণীর জন্য সরকারি নিয়ম অনুযায়ী বয়সে ছাড় প্রযোজ্য)।

**আবেদন প্রক্রিয়া :** ১. রেলওয়ের RRB Apply ওয়েবসাইট ভিজিট করে রেজিস্ট্রেশন করতে হবে। ২. শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর, ও ইমেইল আইডি দিয়ে প্রাথমিক ধাপ সম্পন্ন করুন। ৩. প্রয়োজনীয় নথি যেমন - রঙিন ছবি, সিগনেচার ও শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট আপলোড করুন।

জেনারেল ও ওবিসি প্রার্থীদের জন্য আবেদন ফি ৫০০ টাকা (কম্পিউটার বেসড টেস্টে উপস্থিত হলে ৪০০ টাকা ফেরতযোগ্য)। ৫. SC/ST, মহিলা, ও আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আবেদন ফি ২৫০ টাকা (সম্পূর্ণ ফি ফেরতযোগ্য)।

**নির্বাচন পদ্ধতি :** প্রার্থীদের মূলত ৩টি ধাপে বাছাই করা হবে:

**১. কম্পিউটার বেসড টেস্ট (CBT):** এটি অনলাইনের মাধ্যমে নেওয়া হবে। টেকনিশিয়ান গ্রেড-১ ও গ্রেড-৩ পদের জন্য পরীক্ষার সিলেবাস ও প্যাটার্ন ভিন্ন হয়ে থাকে।

**টেকনিশিয়ান গ্রেড-৩ পদের ক্ষেত্রে :** ম্যাথমেটিক্স ২৫টি প্রশ্নে ২৫ নম্বর, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং ২৫টি প্রশ্নে ২৫ নম্বর, জেনারেল সায়েন্স ৪০টি প্রশ্নে ৪০ নম্বর ও জেনারেল অ্যাওয়ারনেস ১০টি প্রশ্নে ১০ নম্বর থেকে প্রশ্ন আসে।

**টেকনিশিয়ান গ্রেড-১ এর বিষয়ভিত্তিক নম্বর বিভাজন :**

বেসিক সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং ৩৫ টি প্রশ্নে ৩৫ নম্বর। অঙ্ক ২০টি প্রশ্নে ২০ নম্বর। Basics of Computers and Applications (কম্পিউটার ও অ্যাপ্লিকেশন) ২০টি প্রশ্নে ২০ নম্বর। General Intelligence Reasoning (জিআই ও রিজনিং) ১৫টি প্রশ্নে ১৫ নম্বর। General Awareness (সাধারণ জ্ঞান ও কারেন্ট অ্যাফেয়ার্স) ১০টি প্রশ্নে ১০ নম্বর।

**২. নথি যাচাইকরণ :** CBT-তে উত্তীর্ণ প্রার্থীদের শিক্ষাগত ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি যাচাই করা হবে।

**৩. মেডিকেল পরীক্ষা :** যোগ্য প্রার্থীদের রেলওয়ের নির্ধারিত মেডিকেল স্ট্যান্ডার্ড ও ফিটনেস টেস্ট পাশ করতে হবে।

RRB টেকনিশিয়ান গ্রেড-১ এর বেসিক সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং থেকে ৩৫ নম্বরের প্রস্তুতি নেওয়ার জন্য সিলেবাসকে ৪টি প্রধান ভাগে ভাগ করতে হবে। এর জন্য নবম-দশম শ্রেণির পদার্থবিজ্ঞান, বেসিক ইলেকট্রনিক্স ও মক টেস্টের ওপর সবচেয়ে বেশি জোর দিন।

**প্রস্তুতির কার্যকর কৌশল :**

১. সিলেবাসের ৪টি প্রধান অংশ পদার্থবিজ্ঞানের মৌলিক বিষয় : একক (Units), পরিমাপ (Measurements), ভর, ওজন, ঘনত্ব, কাজ, ক্ষমতা ও শক্তি, বেগ ও দ্রুতি, তাপ ও তাপমাত্রা। বিদ্যুৎ ও চুম্বকত্ব : ওহমের সূত্র (Ohm's law), রোধের সমান্তরাল ও শ্রেণি সংযোগ, বৈদ্যুতিক ক্ষমতা (Power) ও শক্তি, ফ্যারাডের সূত্র ও তড়িৎ-চৌম্বকীয় আবেশ। বেসিক ইলেকট্রনিক্স : ডায়োড, ট্রানজিস্টর, লজিক গেট (ডিজিটাল ইলেকট্রনিক্স), মাইক্রোপ্রসেসর ও মাইক্রোকন্ট্রোলার। ইলেকট্রনিক পরিমাপ : বিভিন্ন পরিমাপক যন্ত্র, ট্রান্সডিউসার, সিআরও (CRO), এলইডি (LED) ও এলসিডি (LCD) প্যানেল।

২. ধারণা স্পষ্ট করুন: কোনো মুখস্থ বিদ্যার আগে প্রতিটি সূত্রের (যেমন : $W = F \times s$) পেছনের বৈজ্ঞানিক অর্থ ও থিওরি বুঝুন। সমীকরণ ও গাণিতিক সমস্যা : এই অংশ থেকে নিউমেরিকাল বা গাণিতিক প্রশ্ন বেশি আসে। তাই সূত্র মনে রাখা অত্যন্ত জরুরি। ১০ম শ্রেণির বই অনুসরণ করুন: এনসিইআরটি (NCERT) বা রাজ্য বোর্ডের নবম ও দশম শ্রেণির পদার্থবিজ্ঞান বই থেকে প্রাথমিক ধারণা পরিষ্কার করুন।

**বিষয়ভিত্তিক প্রস্তুতি :**

গণিত : পার্সেন্টেজ (Percentage), রেশিও (Ratio), সময় ও দূরত্ব (Time and Speed), বীজগণিত (Algebra), ও পরিমিতির (Mensuration) মতো সব অধ্যায়ে বেশি জোর দিন।

**রিজনিং (Reasoning) :** ব্লাড রিলেশন, পাজল, কোডিং-ডিকোডিং ও সিরিজ সম্পর্কিত প্রশ্নগুলির দৈনিক অভ্যাস করুন।

**সাধারণ বিজ্ঞান (General Science) :** পদার্থবিদ্যা, রসায়ন ও জীবন বিজ্ঞানের মূল ধারণাগুলি পরিষ্কার করতে এনসিইআরটি (NCERT) বই (ক্লাস ১০ পর্যন্ত) খুব ভালোভাবে পড়ুন।

**মক টেস্ট ও পূর্ববর্তী বছরের প্রশ্ন :**

প্রতিদিন অন্তত একটি মক টেস্ট দেওয়ার অভ্যাস করুন। এটি আপনার গতি (speed) ও সঠিকতা (accuracy) বাড়াতে সাহায্য করবে। বিগত বছরের প্রশ্নগুলি সমাধান করলে আপনি বুঝতে পারবেন প্রশ্ন ঠিক কোন ধাচের হয়।

**সময় বিভাজন (Time Management) :** প্রস্তুতির জন্য একটি দৈনিক রুটিন তৈরি করুন। দুর্বল সব বিষয়ের জন্য বেশি সময় বরাদ্দ করুন। সব বিষয় পড়ার পাশাপাশি সাপ্তাহিক রিভিশনের জন্য সময় রাখুন।

**কিভাবে আবেদন করবেন?**

প্রথমে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইট rrbapply.gov.in অথবা আপনার আঞ্চলিক RRB-এর ওয়েবসাইটে যান। নির্দিষ্ট বিজ্ঞপ্তির পাশে থাকা Apply বাটনে ক্লিক করুন।

মোবাইল নম্বর ও ইমেল আইডি ব্যবহার করে 'Create an Account' অপশনে গিয়ে অ্যাকাউন্ট তৈরি করুন। (যাদের আগের কোনো বিজ্ঞপ্তির অ্যাকাউন্ট রয়েছে, তারা সেই একই আইডি ব্যবহার করে লগ-ইন করতে পারবেন)। নিজের আধার কার্ড ভেরিফিকেশন করে নিতে হবে।

স্ক্রিনে আবেদনপত্র আসবে। আবেদন ফর্মে সমস্ত প্রয়োজনীয় তথ্য নির্ভুলভাবে পূরণ করুন ও আপনার পছন্দের পদ সিলেক্ট করুন। এইবার নিজের লাইভ ছবি ও স্বাক্ষর স্ক্যান করে আপলোড করুন। অনলাইনে আবেদন ফি জমা দিন। আবেদন সাবমিট করুন।

যেহেতু আবেদন প্রক্রিয়া চলছে, তাই দেরি না করে অফিসিয়াল ওয়েবসাইট ভিজিট করে ফর্ম ফিলাপ সম্পন্ন করুন ও বেসিক সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং পার্টটির ওপর বিশেষ জোর দিয়ে আজ থেকেই প্রস্তুতি শুরু করে দিন। ব্যাঙ্ক, রেল, এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি, ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

# রাজ্যের ১২২টি কোম্পানিতে ৪২,৩২১ পদে চাকরি

## শুরুতেই মাইনে মাসে ১৫ হাজার টাকা

সৈকত হালদার, সল্টলেক : কলকাতার প্রথম সারির ৫০টি কোম্পানি ও সারা রাজ্যে আরো ৭২টি কোম্পানি মিলিয়ে মোট ১২২টি প্রতিষ্ঠানে, হিউম্যান রিসোর্স (HR) বিভাগে 'এক্সিকিউটিভ' পদে ৪২,৩২১ জন ছেলেমেয়ে নেবে। গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। বয়স হতে হবে ৩১.০৭.২০২৬ তারিখের হিসাবে ৩০ বছরের মধ্যে। মাইনে মাসে ১২,০০০/- — ১৫,০০০/- টাকা পর্যন্ত। প্রার্থী বাছাই করা হবে ট্রেনিংয়ের মাধ্যমে। ঠিক কী ধরনের ট্রেনিং নেওয়া থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্র্যাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ৯ মাসে চাকরি হয়েছে প্রায় ৩,৩৩৮ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।"

যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, ট্রেনিংয়ের জন্য ডিসান 'রাজ্যের মধ্যে এখন এই অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই এই বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, Talent Acquisition (HR) পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়ে— প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো মাইনের (পে-প্যাকেজ) চাকরি চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের 'স্পেশাল প্রফেশনাল ট্রেনিং' — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সব কোম্পানির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও অনেকের চাকরি হয়। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি অর্পিতা নস্করের কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি চাকরি অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের 'অ্যাকসেপটেন্স' অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে এই স্কলারশিপ শুধুমাত্র এই ট্রেনিংয়ের জন্য ভর্তি হওয়া প্রথম ৫ জনের জন্যই প্রযোজ্য। আর মনে রাখতে হবে, রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই গ্র্যাজুয়েশন (বয়স ৩০ বছরের মধ্যে) পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

# BAR Council of India স্বীকৃত Law কলেজ থেকে LL.B (3 yrs. / 5 yrs.) কোর্সে Law পাশ করে আইনজীবী পেশায় বিভিন্ন ধরনের কাজের সুযোগ

**২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি চলছে**

**বিশেষ প্রতিবেদন :** আইন পেশা হল এমন একটি পেশা যার মাধ্যমে আপনি সুনিশ্চিত ভবিষ্যত গড়ে তুলতে পারেন, কারণ প্রতিনিয়ত এই পেশার প্রয়োজনীয়তা সমাজের প্রত্যেক শ্রেণির নাগরিকের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দরকার হচ্ছে। ল' পাশ করার পর সাধারণত কোর্ট প্র্যাক্টিস করতে হয় সাধারণ মানুষের এটাই ধারণা। কিন্তু এই ধারণা পুরোপুরি সঠিক নয়। কোর্ট প্র্যাক্টিস ছাড়াও ল' পাশ করে বিভিন্ন ধরনের কাজের সুযোগ রয়েছে। যেমন ম্যারেজ রেজিস্টার হওয়া, জমি-বাড়ি-ফ্ল্যাট রেজিস্ট্রেশনের কাজ করা, বি.এল.এল.আর.ও অফিসে জমি-বাড়ি-ফ্ল্যাট'এর রেকর্ড (পরচা) / মিউটেশন তৈরি করার কাজ। RTO অফিসের মাধ্যমে চার চাকা / দু'চাকা গাড়ি কেনাবেচার পর তার নাম পরিবর্তন সংক্রান্ত কাজ, ক্লাব / সোসাইটি রেজিস্ট্রেশনের কাজ, ইনকাম ট্যাক্স / জি.এস.টি সংক্রান্ত কাজ, ক্রেতা-বিক্রেতা (Consumer Protection) সংক্রান্ত কাজ। এছাড়াও আছে একাধিক কাজের সুযোগ। যেমন, ব্যাঙ্কের লোন, বন্ধকী, সারফেসি, DRT সংক্রান্ত কাজ, কো-অপারেটিভ সোসাইটি সংক্রান্ত কাজ, কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি মিউটেশন সংক্রান্ত কাজ, বিভিন্ন Tribunal (LRTT, SAT, CAT, Income Tax, Labour, Banking) সংক্রান্ত কাজ করে ভালো রোজগারের সুযোগ আছে ল' পাশ করে।

মধ্য কলকাতার আমহার্স্ট স্ট্রিটের 'ল পয়েন্ট' ভারত তথা পশ্চিমবঙ্গে এক বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান। প্রায় ২৫ বছর ধরে সুনামের সঙ্গে পশ্চিমবঙ্গ-সহ ভারতের Bar Council of India স্বীকৃত Law College থেকে LL.B (3 yrs.), LL.B (5 yrs.) ও LL.M-এ দায়িত্ব সহকারে ভর্তি করাচ্ছে। 'ল পয়েন্ট' থেকে সবরকম গাইড নিয়ে প্রায় ৩ হাজার জন ছাত্রছাত্রী 'ল' পাশ করে প্রতিষ্ঠিত হয়েছেন।

এই প্রতিষ্ঠানের কর্ণধার Advocate P. K. Das, M.A (Double), LL.M. তিনি কলকাতা হাইকোর্টের একজন প্রতিষ্ঠিত আইনজীবি হিসাবে প্রায় ২৪ বছর প্র্যাক্টিস করছেন। ওনার সব ধরনের সহযোগিতা Law পাশ করার ক্ষেত্রে ও পাশ করার পর প্র্যাক্টিসের ক্ষেত্রে সব ছাত্রছাত্রীদের দিশা দেখাচ্ছেন। তাছাড়া Law পাশ করার পর Bar Council-এর Enrolment ও সর্বোপরি All India Bar Council Exam (AIBE) দায়িত্ব সহকারে পড়িয়ে একচান্সে পাশ নিশ্চিত করাচ্ছেন। তাই যেসব স্নাতক যুবক-যুবতীরা উদ্দেশ্যহীন বা দিশাহীনভাবে জীবনযাপন করছেন, তাঁরা 'ল' পয়েন্টে আসুন। LL.B ভর্তি হয়ে ও Law পাশ করে নিজের ভবিষ্যৎ প্রতিষ্ঠিত করুন। এখানে যেকোনো বয়সে LL.B পড়ানো হয়। LL.B (3 yrs.)-এর জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. আর LL.B (5 yrs.)-এর জন্য যে কোনো বোর্ড / কাউন্সিল থেকে H.S পাশ ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই যে কোনো বয়সে যে কোনো ব্যক্তি LL.B পড়তে পারেন Bar Council স্বীকৃত Law College থেকে। LL.B পাশ করার পর 50% নম্বর থাকলে আপনি LL.M (2 yrs.) পাশ করে Law College-এর পড়ানোর পেশা হিসাবে বেছে নিতে পারেন। তাই শিক্ষিত বেকার যুবকযুবতীদের Law পড়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান 'ল' পয়েন্টে 2026-2027 Session ভর্তির জন্য নাম রেজিস্ট্রেশন করুন ও নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করুন। যোগাযোগের ঠিকানা : Law Point, 17, Raja Rammohan Ray Sarani, Amherst Street, Kolkata – 700 009 (Near Sardhananda Park) Mob : 98369 22534, 98319 33390, 98301 32343.

## ইন্ডিয়ান অয়েলে ১,৪৫০

১ পাতার পর

৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৩২৭টি (জেনাঃ ১৪৪, ই.ডব্লু.এস. ৩৩, তঃজাঃ ৬২, ও.বি.সি. ৮৮)।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৮৩টি (জেনাঃ ৩৭, ই.ডব্লু.এস. ৮, তঃজাঃ ১৬, ও.বি.সি. ২২)।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ২৭৭টি (জেনাঃ ১২১, ই.ডব্লু.এস. ২৮, তঃজাঃ ৫৩, ও.বি.সি. ৭৫)।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৭০টি (জেনাঃ ৩১, ই.ডব্লু.এস. ৭, তঃজাঃ ১৩, ও.বি.সি. ১৯)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ফিটার :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ২ বছরের ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩১৪টি (জেনাঃ ১৩৮, ই.ডব্লু.এস. ৩১, তঃজাঃ ৬০, ও.বি.সি. ৮৫)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) :** অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি বা, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি বিষয় নিয়ে ৩ বছরের বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ২৭৪টি (জেনাঃ ১২০, ই.ডব্লু.এস. ২৮, তঃজাঃ ৫২, ও.বি.সি. ৭৪)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর -ফ্রেশার) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৫৫টি (জেনাঃ ২৪, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ১১, ও.বি.সি. ১৫)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর -স্কিল সার্টিফিকেট হোল্ডার) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আর ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর স্কিল সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, ও.বি.সি. ৫)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট) :** বি.এ., বি.এসসি., বি.কম. কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। পানিপথ রিফাইনারিতে শূন্যপদ : ২১টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৪, ও.বি.সি. ৬)। নিউদিল্লি রিফাইনারিতে শূন্যপদ : ৯টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, ও.বি.সি. ২)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) :** বি.কম. কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-৭-২০২৬'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১২ মাসের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে মেধার ভিত্তিতে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ নেই। মেধা তালিকা বেরোবে ২০ আগস্ট। সার্টিফিকেট ভেরিফিকেশন হবে ২৭ আগস্ট থেকে ৩ সেপ্টেম্বর পর্যন্ত। এই পদের বিজ্ঞপ্তি নং : PR/P/Apprentice/60 (2026-27), Date: 14.07.2026.

আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে ১২ আগস্টের মধ্যে। ট্রেড অ্যাপ্রেন্টিসের বেলায় এই ওয়েবসাইটে : https://apprenticeshipinida.gov.in টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের বেলায় এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in

নাম রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন নম্বর পাবেন। এরপর এই ওয়েবসাইটে গিয়ে (www.iocl.com) মাইক্রোসফট ফর্ম পূরণ করে সাবমিট করবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# হেল্‌থ সেক্টরে প্রতিষ্ঠিত হওয়ার কোর্স

## কল্যাণী বিশ্ববিদ্যালয় ও রাজ্য সরকার অনুমোদিত এইসব কর্মমুখী কোর্সে ভর্তি শুরু হয়েছে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** কল্যাণী বিশ্ববিদ্যালয় ও রাজ্য সরকার অনুমোদিত ও UGC Approved MCG College of Health Science-এ এইসব কোর্সে ভর্তি শুরু হয়েছে : ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাব টেকনোলজি (DMLT), ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনোলজি (DMRT), ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি (DOTT), ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (CCT), ডিপ্লোমা ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগস (CMS & ED), ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনোলজি (DPT)। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ভর্তির জন্য যোগ্য। সীট সীমিত। বিশেষ সুবিধা : (১) অভিজ্ঞ শিক্ষকদের দ্বারা প্রশিক্ষণ, (২) আধুনিক ক্লাসরুম ব্যবস্থা, (৩) Computer & Spoken English Classes, (৪) Hand-to-Hand Practical Training, (৫) সরকারি হাসপাতালে ইন্টার্নশিপের সুযোগ, (৬) কোর্স শেষে প্লেসমেন্টে সহায়তা। এছাড়া ক্রেডিট কার্ড ও স্কলারশিপের সুবিধা আছে। যোগাযোগ : MCG College of Health Science, F-30, Near Kalyani Main Station (Near Platform No. 3), Kalyani, Nadia – 741235. Phone ; (033) 40838089, 9088888123.

## ওয়েস্টার্ণ কোল ফিল্ডে ৪৪৪

১ পাতার পর

জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**মাইনিং সির্দার :** মাধ্যমিক পাশরা ডি.জি.এম.এস. থেকে বৈধ মাইনিং সির্দারশিপ সার্টিফিকেট, বৈধ গ্যাস টেস্টিং ও বৈধ ফার্স্ট এড সার্টিফিকেট থাকলে যোগ্য। মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা ডি.জি.এম.এস.'এর দেওয়া ওভারম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট আর বৈধ গ্যাস টেস্টিং ও ফার্স্ট এড সার্টিফিকেট থাকলে আবেদন করতে পারেন। বেসিক মাইনে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ :২২০টি (জেনাঃ ১০১, ই.ডব্লু.এস. ২২, ও.বি.সি. ৩৫, তঃজাঃ ২৪, তঃউঃজাঃ ৩৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২২।

**অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ট্রেনি) (ইলেক্ট্রিক্যাল) / ইলেক্ট্রিক্যাল সুপারভাইজর, টি অ্যান্ড সি গ্রেড-সি :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। ইলেক্ট্রিক্যাল সুপারভাইজরি সার্টিফিকেট (মাইন্স) কোর্স পাশ হতে হবে। পারিশ্রমিক মাসে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ : ২২৪টি (জেনাঃ ৯১, ও.বি.সি. ৫৬, তঃজাঃ ২৬, তঃউঃজাঃ ২৯, ই.ডব্লু.এস. ২২)। এর মধ্যে প্রতিবন্ধী ৯, প্রাঃসঃকঃ ২২।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১০-৮-২০২৬'র হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। বিজ্ঞপ্তি নং : 2026/69, Date 16-7-2026.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। ১০০ নম্বরের ৯০ মিনিটের পরীক্ষায় থাকবে টেকনিক্যাল বিষয়ে ৮০ নম্বর আর জেনারেল অ্যাওয়ারনেস / অ্যাপ্টিটিউড বিষয়ে ২০ নম্বর। সফলদের তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। লিখিত পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০% (তপশিলী হলে ৩০%, ও.বি.সি. হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। নেগেটিভ মার্কিং নেই। কোনো ইন্টারভিউ নেই।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.westerncoal.in এজন্য বৈধ একটি ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৮০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


**Clinical Research Centre (CRC), JU**
Kolkata – 700 032
In Collaboration with **Manipal Hospital Ltd., Kolkata** announces Certificate Course in **"Dialysis Technician".**
**Duration :** 9 months,
**Eligibility :** H.S (Science) and Above.
**Last Date of Application** 14 August 2026.
**100% Job Assistance.**
Cont. : **9088401354**

ADMISSION NOTICE
**NSIC Technical Services Centre**
The National Small Industries Corporation Ltd.
(A Govt. of India Enterprise, Ministry of MSME)
Japanigate, Baltikuri, Howrah-711113
N S I C — GOVT. OF INDIA MINISTRY OF MSME
**JOB ORIENTED ITI COURSES** চাকরি-কেন্দ্রিক আই টি আই (ITI) কোর্স
- FITTER (2 YEARS)
- ELECTRICIAN (2 YEARS)
- MACHINIST (2 YEARS)
- WELDER (1 YEAR)
- SURVEYOR (2 YEARS)
- DMM (MECH.) (2 YEARS)
- TURNER (2 YEARS)

Limited Seats
• On Job Training • Placement Assistance • Experienced Faculty • Modernized Tool room • Eco-Friendly Campus
CONTACT: 8910304968, 8134994989, 8777828421
WEBSITE: https://nsic.co.in/NTSC/Howrah

NATIONAL SC-ST HUB
Safalta ki pehchaan
CTTC KOLKATA — ISO 9001 : 2015, ISO 29990 : 2010, OHSAS 18001 : 2007 CERTIFIED
**CENTRAL TOOL ROOM & TRAINING CENTRE • KOLKATA**
**MSME TOOL ROOM KOLKATA**
Ministry of MSME, Govt. of India
Bonhooghly Industrial Area ; Kolkata – 700108
E-mail : cttc-msme@gov.in
**FREE TRAINING PROGRAM (RESIDENTIAL) FOR SC/ST CANDIDATES**
MSME Tool Room Kolkata is a leading Tool Room & Training Centre under Ministry of MSME, Govt. of India, imparting skill based Training program in the field of Engineering & Technology. Application are invited from intending candidates for admission to the following courses.

| Sl. No. | Name of Course | Qualification | For Further details Contact |
|---|---|---|---|
| 1. | Jr. Technician Welding | 10th Passed | 9804442411/ 7003375414 |
| 2. | Assistant Operator CNC Turning | | |

Apply Now
Important Note :
- Theory & Practical Classes to be Conducted at CTTC Kolkata
- Limited Seats are available (First Come First Serve Basis)

Last Date of Application : 25.07.2026
Interested Candidates may directly report to CTTC, Kolkata for counselling/Admission
For any further details visit our Website : www.msmetoolroomkolkata.com
Training Cell Contact No. : 9330193304

## ডিজিটাল মার্কেটিংয়ে ৬১,৩২২ চাকরি

১ পাতার পর

কলকাতা থেকেই ডিজিটাল মার্কেটিংয়ে ৪,০০০ এর ওপর প্রফেশনালস নিয়োগ করেছেন তাঁরা। আর এই নিয়োগের বেশিরভাগ ছেলেমেয়েই ট্রেনিং নিয়েছে এই মুহূর্তে রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT থেকে। আবার Wipro এবছরের প্রথম ৩ মাসে এই বিভাগে ৪,০৮৮ জনকে চাকরি দিয়েছে — যাঁদের মধ্যে বেশিরভাগটাই ডিজিটাল ট্রেনিং নিয়েছে NIHT থেকে। এখানেই শেষ নয়। Digi Magia Pvt. Ltd. বা Comval IT Solutions Pvt. Ltd. বা Creek Club বা Blue Wave Media-র মতো কলকাতার প্রথম সারির একাধিক কোম্পানির রিক্রুটিং টিমের সাথে কথা বলে দেখা গেছে যে, তাদের নিয়োগের বেশিরভাগ প্রার্থীরাই এসেছে NIHT থেকে। আবার গত বছরের এই সময়ের রিক্রুটমেন্টের যা ট্রেন্ড একথা নিশ্চিতভাবে বলা যায় যে সামনের আগস্ট থেকে ডিসেম্বরের মধ্যে কমবেশি রাজ্যের প্রায় ১৫০টির ওপর আইটি কোম্পানিতে ৬১,৩২২ জন 'ডিজিটাল প্রফেশনালস' এর নিয়োগ হবে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। কীভাবে এই নিয়োগ হবে। এ ব্যাপারে আমরা যোগাযোগ করেছিলাম দেশ তথা রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "একথা একদম সত্যি যে আজকের দিনে দাঁড়িয়ে স্কিলড প্রফেশনালস ছাড়া কোনো চাকরি নেই। অর্থাৎ এখন ডিগ্রি নয়। স্কিলের দরকার। তাই রিক্রুটারদের কাছে স্কিলড কর্মী সবচেয়ে বেশি গুরুত্ব পায়। যদি আপনার ভেতরে ঠিকঠাক স্কিল থাকে, তাহলে বড় বড় কোম্পানি আপনাকে ঘরে এসে চাকরি দিয়ে যাবে। আর যদি তা না থাকে, তাহলে আপনি যতই ট্যালেন্টেড হোন না কেন, কোথাও আপনি চাকরি পাবেন না। একটা জিনিস প্রথমেই পরিষ্কার বলা ভালো। ইন্টারভিউ বোর্ডে একমাত্র বন্ধু হতে পারে আপনার ভেতরের স্কিলড অ্যাটিচিউড— যা অন্য অনেকের থেকে চাকরি পেতে আপনাকে অনেকটাই এগিয়ে রাখবে। কেউ আপনাকে কোনো সুযোগ দেবে না। আপনাকে নিজেকেই সুযোগ তৈরি করে নিতে হবে। এখন আপনি ভাবতেই পারেন— কোম্পানিগুলির কাছে কেন স্কিলড প্রফেশনালস এর এত চাহিদা? কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতো স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। সোজা বাংলায়, কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২৫০টির বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

### এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয়— যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে— 'AI Agent ক্রিয়েশন'— চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

### এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

## রেলে ১১৯ সেকশন কন্ট্রোলার

১ পাতার পর

ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে ২০ থেকে ৩৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি দরকার A-2. বেসিক পে ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : ১১৯টি। এই পদের বিজ্ঞপ্তি নং Centralised Employment Notice No. CEN 03/2026.

প্রার্থী বাছাই পরীক্ষা : সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) অ্যানালিটিক্যাল অ্যান্ড ম্যাথমেটিক্যাল ক্যাপাবিলিটি -৬০ নম্বরের ৬০টি প্রশ্ন, (২) লজিক্যাল ক্যাপাবিলিটি- ২০ নম্বরের ২০টি প্রশ্ন, (৩) মেন্টাল রিজনিং - ২০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় থাকবে ১২০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সময় থাকবে ২ ঘন্টা। সফল হলে মোট শূন্যপদের ৮ গুণ প্রার্থীকে 'কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্ট (সিবিএটি)'এ ডাকা হবে। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ আগস্ট পর্যন্ত। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন, ১৬ আগস্টের মধ্যে। সি.বি.টি. পরীক্ষা দিলে ৪০০ টাকা (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা ফেরৎ পাবেন। কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in. প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in

দরখাস্ত এডিট করতে পারবেন ১৭ আগস্ট থেকে ২৬ আগস্ট পর্যন্ত। শূন্যপদ : কলকাতা রেল রিক্রুট. বোর্ডের বেলায় — পূর্ব রেলে ৪টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১)। দক্ষিণ-পূর্ব রেলে ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। শিলিগুড়ি রেল রিক্রুট বোর্ডের বেলায় — উত্তর সীমান্ত রেলে ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১। মালদা রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় — পূর্ব রেলে ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ২)। দক্ষিণ-পূর্ব রেলে ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

আহমেদাবাদ রেল রিক্রুট. বোর্ডের বেলায় পশ্চিম রেলে ১১টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। আজমীর রেল রিক্রুট. বোর্ডের বেলায় উত্তর পশ্চিম রেলে ১টি (তঃজাঃ)। বেঙ্গালউরু রেল রিক্রুট. বোর্ডের বেলায় দক্ষিণ-পশ্চিম রেলে ৮টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, ও.বি.সি. ২)। ভোপাল রেল রিক্রুট. বোর্ডের বেলায় পশ্চিম মধ্য রেলে ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। পশ্চিম রেলে ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। ভুবনেশ্বর রেল রিক্রুট. বোর্ডের বেলায় পূর্ব উপকূল রেলে ৬টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ২)। বিলাসপুর রেল রিক্রুট. বোর্ডের বেলায় মধ্য রেলে ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। দক্ষিণ পূর্ব মধ্য রেলে ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। চণ্ডীগড় রেল রিক্রুট. বোর্ডের বেলায় উত্তর রেলে ৬টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। চেন্নাই রেল রিক্রুট. বোর্ডের বেলায় দক্ষিণ রেলে ৯টি (জেনাঃ ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২)। গোরখপুর রেল রিক্রুট. বোর্ডের বেলায় উত্তর পূর্ব রেলে ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)। গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের বেলায় উত্তর সীমান্ত রেলে ১টি (জেনাঃ)। মুম্বই রেল রিক্রুট. বোর্ডের বেলায় মধ্য রেলে ৬টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১)। মুজঃফরপুর রেল রিক্রুট. বোর্ডের বেলায় পূর্ব মধ্য রেলে ৩টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। প্রয়াগরাজ রেল রিক্রুট. বোর্ডের বেলায় উত্তর মধ্য রেলে ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। উত্তর রেলে ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। রাঁচি রেল রিক্রুট. বোর্ডের বেলায় পূর্ব মধ্য রেলে ৮টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। দক্ষিণ-পূর্ব রেল ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। সেকেন্দরাবাদ রেল রিক্রুট. বোর্ডের বেলায় দক্ষিণ-মধ্য রেলে ৫টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। তিরুবনন্তপুরম রেল রিক্রুট. বোর্ডের বেলায় দক্ষিণ রেলে ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। পটনা রেল রিক্রুট বোর্ডের মাধ্যমে পূর্ব মধ্য রেলে ৬টি (জেনাঃ ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। দরখাস্ত এডিট করতে পারবেন ১৭ আগস্ট থেকে ২৬ আগস্ট পর্যন্ত।

## কেন্দ্রীয় সংস্থায় ৫৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

হলে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩১-৭-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ১৪টি, ওড়িশা ৪টি, ঝাড়খণ্ড ৫টি, অসম ৬টি, বিহার ১৪টি, আন্ধ্রা প্রদেশ ১৫, চণ্ডীগড় ৪, ছত্তিশগড় ৮, দাদরা ও নগর হাভেলি অ্যান্ড দমন ও দিউ ১, দিল্লি ১৮, গোয়া ৬, গুজরাট ৩২, হরিয়ানা ১৪, জম্মু ও কাশ্মীর ৫, কর্ণাটক ১৪, কেরলম ৯, মধ্য প্রদেশ ১০, মহারাষ্ট্র ৬৪, নাগাল্যান্ড ২, পঞ্জাব ১৬, রাজস্থান ১৭, তামিলনাড়ু ২০, তেলেঙ্গানা ১৯, উত্তর প্রদেশ ৩৭, উত্তরাখণ্ড ৪।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে। তখন যাবতীয় প্রমাণপত্রের মূল ও জেরক্স কপি নিয়ে যাবেন।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে ৩১ জুলাইয়ের মধ্যে। এই লিঙ্কে ক্লিক করে : http://jobs.hpcl.co.in/Recruit_New/recruitlogin.jsp নাম নথিভুক্ত করার পর ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর লগ ইন করে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটে : http://jobs.hpcl.co.in/Recruit_New/recruitlogin.jsp আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.hpclcareers.com

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। মানবদেহে কোন রক্তের গ্রুপটি 'সর্বজনীন দাতা' হিসাবে পরিচিত — 'ও' নেগেটিভ।

২। মানবদেহের ক্ষুদ্রতম অন্তঃক্ষরা গ্রন্থি কোনটি — পিনিয়াল গ্রন্থি (মস্তিষ্কের মধ্যরেখায় অবস্থিত)।

৩। কাকে শ্রেণিবিন্যাসবিদ্যার (ট্যাক্সোনমি) জনক হিসাবে বিবেচনা করা হয় — কার্ল লিনিয়াস।

৪। একটি বন্ধ ঘরে যদি কিছু সময়ের জন্য রেফ্রিজারেটরের দরজা খোলা রাখা হয়, তবে ঘরের তাপমাত্রায় কী পরিবর্তন হবে — বাড়বে (রেফ্রিজারেটর অনেকটা তাপ ইঞ্জিনের মতো। এটি নিম্ন তাপমাত্রার আধার থেকে তাপ শোষণ করে উচ্চ তাপমাত্রার আধারে স্থানান্তর করে)।

৫। এক্স-রে ক্রিস্টালোগ্রাফিতে তড়িৎচৌম্বকীয় বিকিরণের মূলত কোন ধর্মটি ব্যবহার করা হয় — অপবর্তন। —

৬। লেন্সের ক্ষমতা কোন এককে পরিমাপ করা হয় — ডায়োপ্টার।

৭। কোন ধরনের রাসায়নিক বিক্রিয়ার ফলে শিলা লাল বা হলদেটে হয়ে যায় — জারণ।

৮। কোন যৌগটি ফটোক্রোমিক লেন্সে সবথেকে বেশি ব্যবহৃত হয় — সিলভার ক্লোরাইড ($AgCl$)।

## ইতিহাস

৯। ১৬১২ সালে ভারতের কোন স্থানে ইংরেজরা তাদের প্রথম কারখানা (বাণিজ্য কেন্দ্র) স্থাপন করেছিল — সুরাত।

১০। ভারতীয় সংবাদপত্র 'ন্যাশনাল হেরাল্ড' প্রতিষ্ঠা করেছিলেন — জওহরলাল নেহরু (১৯৩৮ সালের ৯ সেপ্টেম্বর)।

১১। ভারতের কোন গভর্নর জেনারেল সতীদাহ প্রথা সংস্কার ও নরবলি প্রথা দমনের জন্য বিখ্যাত — লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক।

১২। ভারতীয় উপমহাদেশে কৃষিকাজের প্রাচীনতম প্রমাণ কোন স্থানে পাওয়া গেছে — মেহেরগড় (পাক-ই-স্তানের বেলুচিস্তান প্রদেশে অবস্থিত)।

১৩। গুজরাতে 'বল্লভী বিশ্ববিদ্যালয়' কোন শাসক প্রতিষ্ঠা করেছিলেন — মৈত্রক রাজা ভট্টারকা।

১৪। ঋগ্বেদে কোন জৈন তীর্থঙ্করের উল্লেখ রয়েছে — ঋষভদেব ও অরিষ্টনেমি।

১৫। মনসবদারি প্রথা কোথা থেকে গ্রহণ করা হয়েছিল — মঙ্গোলিয়া (সম্রাট আকবরের মাধ্যমে প্রবর্তিত)।

১৬। ১৫৭৬ সালটি কোন যুদ্ধের জন্য বিখ্যাত — হলদিঘাটির যুদ্ধ (মেবারের রানা মহারানা প্রতাপ ও মান সিং'এর নেতৃত্বাধীন আকবরের বাহিনীর মধ্যে এই যুদ্ধ হয়েছিল)।

## ভূগোল

১৭। ভারতের বৃহত্তম লবণ উৎপাদনকারী রাজ্য কোনটি — গুজরাত (দেশের মোট লবণ উৎপাদনের প্রায় ৭০ শতাংশই এখান থেকে আসে)।

১৮। ভারত-মায়ানমার মৈত্রী সড়ক ভারতের কোন রাজ্যটিকে মায়ানমারের সঙ্গে সংযুক্ত করে — মণিপুর।

১৯। কোন পর্বতশ্রেণিটি আরব সাগরের উপকূলের কাছে পূর্ব গুজরাত থেকে শুরু হয়ে মহারাষ্ট্র ও মধ্য প্রদেশ হয়ে পূর্বদিকে ছত্তিশগড় পর্যন্ত বিস্তৃত — সাতপুরা।

২০। কোন স্থানে পাব্লিক-প্রাইভেট পার্টনারশিপ মডেলের মাধ্যমে ভারতের প্রথম রেল কোচ কারখানাটি তৈরি করা হয়েছিল — কেরলমের পালাক্কাদ (২০১৪ সালে প্রতিষ্ঠিত)।

২১। ১৯৬৯ সালে চালু হওয়া অতি দ্রুতগতির রাজধানী এক্সপ্রেসের প্রথম রুটটি কী ছিল — নয়াদিল্লি থেকে হাওড়া।

২২। শোর মন্দির ভারতের কোন রাজ্যে অবস্থিত — তামিলনাড়ু।

২৩। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে পোর্ট ব্লেয়ার ও মায়াবন্দরকে সংযোগকারী কোন রাস্তাটি 'গ্রেট আন্দামান ট্রাঙ্ক রোড' নামে পরিচিত — জাতীয় মহাসড়ক ২২৩ (এটির দৈর্ঘ্য ২৩০.৭ কিলোমিটার)।

২৪। তেল উত্তোলনের বিপুল সম্ভাবনাময় 'রাভভা অফশোর ব্লক' কোন স্থানে অবস্থিত — আন্ধ্রা প্রদেশের কৃষ্ণা-গোদাবরী অববাহিকা।

## সাম্প্রতিক ঘটনা

২৫। 'ভোডাফোন ইন্ডিয়া লিমিটেড'এর নন-এক্সিকিউটিভ চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — কুমার মঙ্গলম বিড়লা।

২৬। এবছরের মে'তে প্রকাশিত 'ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরো'র তথ্য অনুযায়ী, ভারতের প্রধান মহানগরগুলির মধ্যে কোথায় আত্মহত্যার হার ছিল সর্বোচ্চ — বেঙ্গালউরু।

২৭। এবছর মর্যাদাপূর্ণ 'কেমব্রিজ ডেডিকেটেড টিচার অ্যাওয়ার্ডস'এর দক্ষিণ এশীয় আঞ্চলিক বিজয়ী হিসাবে ভূষিত হলেন কে — সোমা মণ্ডল (পরিবেশ ও জলবায়ু পরিবর্তন শিক্ষায় অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি)।

২৮। গুজরাতের লোকায়ুক্ত হিসাবে শপথ নিলেন কে — বিচারপতি বীরেন বৈষ্ণব।

২৯। প্রথম ক্যারিবীয় দেশ হিসাবে, ভারতের ইউপিআই গ্রহণ করল কারা — ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো।

৩০। কোথায় মেঘালয়ের প্রথম এরি রেশম সুতো উৎপাদন কেন্দ্র 'সাই লুম'এর উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী কনরাড কে.সাংমা — রি-ভোই জেলার ভোইরিমবং'এর লুমদাইতখলা।

৩১। দিল্লির 'সেন্ট স্টিফেন্স কলেজ'এর ১৪৫ বছরের ইতিহাসে প্রথম মহিলা অধ্যক্ষ হিসাবে নিযুক্ত হলেন কে — অধ্যাপিকা সুজান এলিয়াস।

৩২। তামিলনাডুর মুখ্যমন্ত্রী এখন



কে — সি.জোসেফ বিজয়।

৩৩। ২০২৬-'২৭ মেয়াদের জন্য, 'কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি'র প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব নিলেন কে — আর.মুকুন্দন।

৩৪। ওমান সালতানাতে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — প্রশান্ত পিসে।

৩৫। কাকে 'ফেডারেল রিজার্ভ'এর গভর্নর হিসাবে নিয়োগ করল মার্কিন সেনেট — কেভিন ওয়ার্শ।

৩৬। পুদুচেরির মুখ্যমন্ত্রী এখন কে — এন.রঙ্গস্বামী।

৩৭। শহরে বায়ুদূষণ মোকাবিলার লক্ষ্যে, কোথায় ভারতের প্রথম কার্বন শোষণকারী 'শৈবাল বৃক্ষ' চালু হয়েছে — মধ্য প্রদেশের ভোপালে অবস্থিত 'স্বামী বিবেকানন্দ পার্ক'এ।

৩৮। কোন রাজ্যের ওয়ারাঙ্গলে 'পিএম মিত্র' পার্কের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — তেলেঙ্গানা।

৩৯। 'আন্তর্জাতিক নার্স দিবস' কবে পালিত হয় — ১২ মে।

৪০। 'স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — ড.অশোক কুমার পাণ্ডা।

৪১। অসমের মুখ্যমন্ত্রী এখন কে — হিমন্ত বিশ্ব শর্মা।

৪২। প্রথম ভারতীয় মহিলা হিসাবে, এবছর মর্যাদাপূর্ণ 'মেটিওরিটিক্যাল সোসাইটি'র ফেলো হিসাবে নির্বাচিত হলেন কে — আহমেদাবাদের 'ফিজিক্যাল রিসার্চ ল্যাবরেটরি'র অধ্যাপিকা কুলজিৎ কৌর মারহাস (গ্রহ বিজ্ঞান ও উল্কাপিণ্ড সংক্রান্ত গবেষণায় অসাধারণ অবদানের স্বীকৃতি হিসাবে তাঁকে এই ফেলোশিপ দেওয়া হয়েছে)।

৪৩। সক্রিয়ভাবে শীতলীকৃত একটি পূর্ণাঙ্গ স্ক্র্যামজেট কম্বাস্টরের দীর্ঘ সময়ব্যাপী পরীক্ষা সফলভাবে সম্পন্ন করল কোন সংস্থা — ডিআরডিও'র গবেষণাগার 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ল্যাবরেটরি' (একটানা ১,২০০ সেকেন্ডেরও বেশি (২০ মিনিট) সময় ধরে এই পরীক্ষাটি চলেছে)।

৪৪। প্রতি বছর ১০ মে দিনটিকে 'মারকা-ই-হক দিবস' (এর অর্থ 'সত্যের লড়াই' বা 'ন্যায়ের লড়াই') হিসাবে পালন করবে কোন দেশ — পাক-ই-স্তান।

৪৫। এবছর চতুর্থ 'ভারত-আফ্রিকা ফোরাম সামিট' আয়োজন করেছে কোন দেশ — ভারত (৩১ মে নয়াদিল্লিতে এটি হয়েছে)।

৪৬। সম্প্রতি প্রয়াত ভরত কান্থ (৩১ বছর) কে ছিলেন — তেলুগু অভিনেতা।

৪৭। স্থাপন করা পুনর্নবীকরণযোগ্য শক্তির সক্ষমতার দিক থেকে বিশ্বে কততম স্থানে রয়েছে ভারত — তৃতীয়।

৪৮। সম্প্রতি প্রয়াত ডি.সুধাকর (৬৫ বছর) কোন রাজ্যের প্রাক্তন মন্ত্রী ছিলেন — কর্ণাটক।

৪৯। ভারতের নতুন চিফ অফ ডিফেন্স স্টাফ হিসাবে নিযুক্ত হলেন কে — লেফটেন্যান্ট জেনারেল এন.এস.রাজা সুব্রামনি।

৫০। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এখন কে — শুভেন্দু অধিকারী।

৫১। এবছর মর্যাদাপূর্ণ চতুর্থ 'ড.থিয়াম সুরেশ সাহিত্য জীবনকৃতি সম্মান' পেলেন কে — বাংলাদেশ-ভিত্তিক মণিপুরী লেখক এ.কে.শেরাম (মণিপুরি সাহিত্যে অসামান্য অবদান আর ভারত ও বাংলাদেশের মণিপুরি সম্প্রদায়গুলির মধ্যে সাংস্কৃতিক ব্যবধান দূর করার ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি)।

সঙ্কলক : পলি দেওয়ান


## পশ্চিমবঙ্গ সরকারের ডায়মন্ডহারবার উইমেন ইউনিভার্সিটি স্বীকৃত

## মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা (D.M.L.T) কোর্স করে সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ ও ১০০% কেরিয়ারের সুযোগ

উচ্চমাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য

নিজস্ব সংবাদদাতা : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় ডায়মন্ডহারবার ওম্যান ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্সে ভর্তি চলছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাস এ রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বভারতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির এপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েকহাজার ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) পাশ ছাত্র- ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুন বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 7059918186, 8981611881: ওয়েবসাইট : www.gurukuledutechcollege.com



## কীভাবে আইটিআই ব্যাকগ্রাউন্ড থেকে ওয়েব ডিজাইনিংয়ে হ্যান্ডসাম মাইনের চাকরি পেলাম



সুমন সাঁফুই
UI/UX ডিজাইনার

আমি, সুমন সাঁফুই। আইটিআই থেকে পাশ করার পর ২০২৪ সালে আমি মার্চেন্ট নেভিতে সিলেক্টেড হই। খুব খুশি ছিলাম। বলা চলে — 'একদম উড়ছিলাম'। কিন্তু আপনি ভাবেন এক — হয় আর এক। জয়েনিং-এর ঠিক আগেই আমার খুব বাজে একটা 'অ্যাক্সিডেন্ট' হয়। ফলে আমার আর মার্চেন্ট নেভি জয়েন করা হয় না। চূড়ান্তভাবে হতাশায় ভুগছিলাম। কোনো দিকে কিছু কূলকিনারা পাচ্ছিলাম না। মনে হচ্ছিল 'এটাই আমার কেরিয়ারের দি এন্ড'। যাই হোক, অভ্যাসবশত প্রতি সপ্তাহে 'কর্মসংস্থান' কাগজ বাড়িতে রাখতাম। আর ঠিক ওখানেই পড়া একটা 'ইনফরমেশন' আমার জীবন বদলে দিল। ওখানেই প্রথম জানতে পারলাম 'ডিসান অ্যাকাডেমি'র কথা। কোথাও যেন কিছু একটা 'ক্লিক' করল। কেন জানি না মনে হল আমি পারব। সরাসরি ওই ইনস্টিটিউটে ফোন করি। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার নিজের ওপর কোনো 'এক্সপেক্টেশন' ছিল না। কিন্তু ওখানে যাওয়ার পর বেশ অবাক হয়েছিলাম। আমার তখন যেরকম অবস্থা, সেটা ওখানকার কাউন্সিলারদের পুরোপুরি খুলে বললাম। কোথাও যেন 'আশার আলো' দেখতে পেলাম। ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করলেন। আমার পুরো মানসিক (কনফিডেন্স একদম তলানিতে ছিল) অবস্থা বুঝে, ঠিক কি ধরনের কোর্সের ট্রেনিং নিলে, আমি ৬ থেকে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পেয়ে, আবার ঘুরে দাঁড়াতে পারব সেই ব্যাপারে সম্পূর্ণ গাইডলাইন তৈরি করে দিয়েছিল। কাউন্সিলারদের পরামর্শ মত আমি UI/UX Designing কোর্সে ভর্তি হই। এটি ৬ মাসের কোর্স। এখানে মূলত কোনো অ্যাপ বা ওয়েবসাইট দেখতে কেমন হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস-এর ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা কোর্স এটি। সফটওয়্যার ও আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে পৃথিবীর অন্যতম সেরা রেটিং সংস্থা PwC-এর মতে আগামী ২ বছরের মধ্যে UI/UX Designing-এ চাকরির সংখ্যা (শুধুমাত্র আমাদের রাজ্যেই এখন বছরে ১৫-২০ হাজার লোক লাগে) ৩৬% বৃদ্ধি পাবে। অর্থাৎ, এই কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি পাবে। আর ভবিষ্যতে ভালো মাইনেও পাওয়া যায়। প্রথম সারির আইটি বা সফটওয়্যার কোম্পানিতে এই ট্রেডের লোকের বিশাল চাহিদা। কারণ এরা ইউজার ফ্রেন্ডলি, ট্রেইন্ড বেসড, মডার্ন, ডায়নামিক ও ফিচার বেসড দুর্দান্ত অ্যাট্রাকটিভ অ্যাপ কিভাবে তৈরি করতে হয় (যাতে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ সবচেয়ে বেশি হয়) তা অত্যন্ত প্রফেশনালভাবে শেখায় — যা এখানকার ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা কোম্পানিতে 'Most attractive pay package' এ প্লেসড হতে সাহায্য করে। এবছরে আমার ট্রেনিং শেষ হয়। শেষ হওয়ার আগেই আমি একটি নামী সংস্থায় অ্যাপ্রেন্টিস বা ট্রেনি হিসাবে জয়েন করি। তখন থেকেই আমি মাসে রীতিমতো হ্যান্ডসাম স্টাইপেন্ড পেতাম। ৬ মাস পর আমি একটি নামী সংস্থায় UI/UX ডিজাইনার হিসাবে চাকরি পাই। এখন আমি বছরে যে প্যাকেজ পাব —তা আজ থেকে ৯ মাস আগে ভাবতেই পারতাম না। অর্থাৎ, একটা জিনিস পরিষ্কার যে, ঠিকঠাক জায়গা থেকে ট্রেনিং নিলে আমার মতো তোমাদের স্বপ্নও সফল হবে।

**কিভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি**

আমি যখন ডিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা হল — (১) একমাত্র এখানেই আইটি বা সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে যেসব বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়, সেগুলির ওপরেই এখানকার কোর্সগুলো ডিজাইন করা। অর্থাৎ, এখান থেকে পাশ করলেই সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা সফটওয়্যার কোম্পানিগুলির স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনার। (৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাস। (৯) ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৬ থেকে ৯ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

## পি.এস.সি.'র

■ *২০২৫ সালের অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? পরীক্ষা পদ্ধতি জানাবেন। শিক্ষাগত যোগ্যতা ও বয়স কেমন থাকতে হবে? — রনধীর দাস, রিষড়া, হুগলি। স্বপন মন্ডল, শিমুলতলা, নদিয়া।*

■■ কমার্স শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। চার্টার্ড ও কস্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরাও আবেদন করার যোগ্য। এম.বি.এ. /পি.জি.ডি.এম. (ফিনান্স) কোর্স পাশরাও যোগ্য। এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত সংস্থা থেকে ফিনান্সের ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ হলেও যোগ্য। কম্পিউটারে কাজ করায় জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২১ থেকে ৪১ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও শারীরিক প্রতিবন্ধীরা ৯ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা হয়। এই পরীক্ষায় থাকবে 'জেনারেল স্টাডিজ'এর ২০০ নম্বরের একটি প্রশ্নপত্র। সময় আড়াই ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় থাকবে ২টি গ্রুপ। প্রথম গ্রুপে থাকবে : (১) ইংরিজি কম্পোজিশন -৫০ নম্বর, (২) জেনারেল নলেজ, জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্ব, ভারতের ইতিহাস, ভারতের জাতীয় আন্দোলন, ভূগোল ও রিজনিং - ৪০ নম্বর, (৩) ভারতীয় সংবিধান (নীতি আয়োগ, প্ল্যানিং কমিশন, ফিনান্স কমিশন, ফিনান্স অ্যাকাউন্ট অ্যান্ড অডিট) - ৩৫ নম্বর। দ্বিতীয় গ্রুপে থাকবে : (১) বিজনেস ম্যাথমেটিক্স অ্যান্ড স্ট্যাটিস্টিক্স- ৩৫ নম্বর, (২) অ্যাকাউন্টিং অ্যান্ড কস্টিং -৪০ নম্বর। সফল হলে ৮০০ নম্বরের মেন পরীক্ষায় ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন থাকবে। এর মধ্যে ৫০০ নম্বরের ৫টি আবশ্যিক বিষয় থাকবে : (১) ইংরিজি প্রবন্ধ, প্রেসি লেখা ও কম্পোজিশন, (২) বাংলা প্রবন্ধ, প্রেসি লেখা ও কম্পোজিশন, (৩) জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স, (৪) বাণিজ্যিক অঙ্ক ও স্ট্যাটিস্টিক্স, (৫) অডিটিং। এছাড়াও ঐচ্ছিক বিষয়ে থাকবে ৩০০ নম্বর। ৩টি গ্রুপের প্রতিটি থেকে ১টি করে পেপার নিতে হবে। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর। সময় থাকবে ৩ ঘন্টা। সফল হলে ২০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in

■ *আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের ২০১৯ সালের প্যানেলের নন-জয়েনিং প্রার্থীদের দ্বিতীয় তালিকা বেরিয়েছে। গত বছর নন-জয়েনিংয়ের প্রথম তালিকা বেরোলেও সার্টিফিকেট ভেরিফিকেশন হয়েও এখনো তাঁরা জয়েনিং পাননি। তাই দ্বিতীয় তালিকায় নন-জয়েনিংয়ের যে তালিকা বেরিয়েছে, তাঁদের কবে থেকে সার্টিফিকেট ভেরিফিকেশন হবে? — নীলাঞ্জনা রায়, সোনামুখী, বাঁকুড়া।*

■■ ও.বি.সি. সংক্রান্ত জটের জন্য সমস্যা হচ্ছে। তাই দ্বিতীয় তালিকার প্রার্থীদেরও শিগগিরই সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকবে।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের নতুন বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — প্রসেনজিৎ দে, ব্যান্ডেল, কোদালিয়া, হুগলি।*

■■ রাজ্য সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী বিজ্ঞপ্তি বেরোনোর কথা আছে। তবে এই দুই পদে পুজোর আগে বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা কম।

■ *ইংরিজিতে এম.এ. ও বি.এড. পাশ। নবম-দশম আর একাদশ-দ্বাদশ শ্রেণির জন্য দু'টিতেই দরখাস্ত করতে পারব কি? প্রাইমারি 'টেট' দিতে পারব কি? — সায়রী, গোস্বামী, দক্ষিণেশ্বর, উত্তর ২৪ পরগনা।*

■■ নবম-দশম ও একাদশ-দ্বাদশ দুই ক্ষেত্রেই দরখাস্ত করতে পারবেন। প্রাইমারি 'টেট' দিতে পারবেন না।

## কোর্স ও ট্রেনিং

■ *টেলারিং, ড্রেস মেকিং না, বিউটিশিয়ান কোর্স করলে চাকরির সুযোগ বেশি পাওয়া যায়? — সুরভি মুখার্জী, পুরুলিয়া।*

■■ এই ৩টি কোর্সই হল স্বনির্ভরতার কোর্স। আপনি যে কোনো একটি কোর্স করে স্বনির্ভর হওয়ার জন্য নিজে ব্যবসা করলে ভালো ফল পাবেন। ৩টি কোর্সেই চাকরির সুযোগ আছে।

■ *২০২৪ সালে উচ্চমাধ্যমিক পাশ করেছি। আর্থিক কারণে ডিগ্রি কোর্সে ভরতি হতে পারিনি। এখন কোথা থেকে ডিগ্রি কোর্স করতে পারব? — আনন্দ সাহা।*

■■ ইউ.জি.সি.'র স্বীকৃত মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি কোর্স করতে পারেন নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় কিংবা ইগনু থেকে।

## অন্যান্য চাকরির

■ *ডব্লু.বি.পি.ডি.সি.এল.'এর অফিস এক্সিকিউটিভ পদের যে কম্পিউটার বেসড টেস্ট হয়েছিল, তার ফল বেরিয়েছে কি? — সেখ আসিখ, তমলুক পূর্ব মেদিনীপুর।*

■■ না, বেরোয়নি।

## প্রাইমারির

■ *প্রাথমিক শিক্ষক পদের যে ইন্টারভিউ স্থগিত আছে, তা আবার কবে থেকে শুরু হবে? এবছর কি নিয়োগ হবে? — ছোটন ধীবর, ছোটকাপসা, বেলগ্রাম, মুর্শিদাবাদ। সমর আইচ, হুগলি।*

■■ প্রাথমিক শিক্ষা দফতর সূত্রে খবর, খুব শিগগিরই স্থগিত ইন্টারভিউ আবার শুরু হবে। যে সব দফতরের নিয়োগ প্রক্রিয়া পড়ে আছে, সেগুলি দ্রুত নিয়োগ করতে তৎপর হয়েছে রাজ্য সরকার।

■ *ডি.এল.এড. কোর্সে ভরতির শেষ তারিখ কি বাড়ানো হয়েছে? — রাহুল বণিক, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গের ২৩টি জেলার সরকার অনুমোদিত ও সরকার পোষিত আর বেসরকারি ৬৫৬টি প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে 'ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি.এল.এড.)' কোর্সে ভরতির শেষ তারিখ বাড়িয়ে ২৫ জুলাই করা হয়েছে।

■ *প্রাইমারি 'টেট'এর জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? বিজ্ঞপ্তি কবে বেরোবে? আগের সরকার ঘোষণা করেছিল, প্রাইমারি 'টেট' প্রতি বছরই হবে? কিন্তু গত বছর প্রাইমারি 'টেট' হয়নি। এবার কি প্রাইমারি 'টেট' হবে? — কাজল মিত্র, পানপুর, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) / ৪ বছরের বি.এল.এড. কোর্স পাশ হলে / আর.সি.আই. স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশাল এডুকেশন)'এর কোর্স পাশ হলে যোগ্য। গ্র্যাজুয়েটরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ২ বছরের ডি.এল.এড. কোর্স / ৪ বছরের বি.এল.এড. কোর্স /২ বছরের ডি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্সের ফাইনাল বর্ষের পরীক্ষার্থীরাও আবেদন করতে পারেন। এন.সি.টি.ই. স্বীকৃত প্রতিষ্ঠানে যাঁরা ২ বছরের ডি.এল.এড. কোর্স / ২ বছরের ডি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্সে এবছর নাম এনরোল্ড করেছেন, তাঁরাও এবার এই 'টেট' পরীক্ষা দিতে পারবেন। এবছর প্রাইমারি 'টেট' হবে।

## পঞ্চায়েত দফতরের

■ *পঞ্চায়েতে নাম রেজিস্ট্রেশন করেছি। পরীক্ষা কবে হবে? — কুন্তল ঘোষ, বেড়াবেড়ি, সিঙ্গুর, হুগলি।*

■■ এই পদের জন্য নতুন করে দরখাস্ত নেওয়া হবে পি.এস.সি.'র মাধ্যমে।

■ *পি.এস.সি.'র মাধ্যমে পঞ্চায়েতে নিয়োগের যে বিজ্ঞপ্তি বেরোবে, তার সিলেবাস কি বদল হবে? — সৌম্য বন্দ্যোপাধ্যায়, মাজু, হাওড়া।*

■■ হ্যাঁ, সিলেবাস বদল হবে।

■ *পঞ্চায়েতে নিয়োগের জন্য যে বিজ্ঞপ্তি বেরোবে, তার প্রশ্ন কি বাংলা ও ইংরিজি দু'টি ভাষাতেই হবে? — সোনিক মুখার্জী, রামধন ঘোষ লেন, বেলুড়, হাওড়া।*

■■ পঞ্চায়েতে নিয়োগ হবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে। তাই এই পরীক্ষার প্রশ্ন হবে বাংলা ও ইংরিজি ভাষায়।

## পুলিশে চাকরির

■ *অগ্নিবীরদের যে ১০% শূন্যপদ সংরক্ষিত থাকবে, তার নিয়োগ বিজ্ঞপ্তি কবে বেরোবে? যোগ্যতা কী লাগবে? শূন্যপদ কত থাকতে পারে? — অজয় ভট্টাচার্য, খাড়গ্রাম, পূর্ব বর্ধমান।*

■■ এবারের বাজেটে ঘোষণা করা হয়েছে, যেখানে প্রযোজ্য সেখানে অগ্নিবীরদের জন্য ১০% শূন্যপদ সংরক্ষিত থাকবে। অগ্নিবীররা যেহেতু পুলিশ সংক্রান্ত কাজের সঙ্গে যুক্ত, তাই এঁদেরকে পুলিশ বিভাগ, বন বিভাগ, নিরাপত্তা সংক্রান্ত দফতরে কাজের জন্য অগ্নিবীরদের ১০% শূন্যপদ সংরক্ষিত রাখা হয়েছে। সংশ্লিষ্ট পরীক্ষার জন্য যে যোগ্যতা থাকা দরকার সেটিই অগ্নিবীরদের জন্য প্রযোজ্য হবে।

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা


*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

# ব্যবসা

# পাউচ প্যাক তৈরির ব্যবসা

**নিজস্ব প্রতিনিধি :** দেড় লাখ থেকে ৫ লাখ টাকা পুঁজি নিয়ে যাঁরা একালের উপযোগী নতুন ধরনের লাভজনক ব্যবসা করতে চান, তাঁরা বিভিন্ন কোম্পানি থেকে অর্ডার নিয়ে পাউচ প্যাক তৈরি করে দেওয়ার ব্যবসা করতে পারেন। শ্যাম্পু, গুঁড়ো মশলা, সুপুরি, চা, সাবান থেকে শুরু করে নারকেল তেল, গুটখা, এমন কী সিঁদুরও এখন এই সুদৃশ্য পাউচ প্যাকে বিক্রি হচ্ছে। ২০×২০ ফুট ঘরে এই ব্যবসা করতে পারেন। তবে ৪৪০ ভোল্টের বিদ্যুৎ লাগবেই। কম পরিমাণের ২৫ গ্রাম থেকে ২৫০ গ্রাম বা ৫০—১০০ মিলি লিটার সামগ্রী এখন এই সুদৃশ্য পাউচ প্যাকে বিক্রির চল বেড়েছে।



**যন্ত্রপাতি :** যন্ত্রপাতি বলতে লাগে ১টি অটোমেটিক পাউচ প্যাকিং মেশিন। এই মেশিন পাওয়া যায় তিন ধরনের : (১) সেন্টার সিলিং, (২) থ্রি সাইড সিলিং ও (৩) ফোর সাইড সিলিং। কী ধরনের সামগ্রী ভরবেন, তার ওপর নির্ভর করবে, কোন ধরনের মেশিন কিনবেন। তবে সব মেশিনেই একসঙ্গে মালপত্র ভরা ও প্যাকেট আটকানোর কাজ হয়। তবে এই মেশিন চালানোর জন্য বৈদ্যুতিক ব্যবস্থাপনায় আরো প্রায় ১ লাখ টাকা লাগবে। ৪৪০ ভোল্টের বিদ্যুতের জন্য কমার্শিয়াল লাইন নিতে হবে। কাজেই প্রথমে বড়ো মেশিন না কিনে ১-২ লাখ টাকা দামের মেশিন কেনা লাভজনক। পরে চাহিদা বুঝে মেশিন বাড়াতে পারেন।

**কাঁচামাল :** কাঁচামাল বলতে লাগে প্যাকিং শীট। যে কোম্পানির ও যে সামগ্রীর প্যাকেট করবেন, তার নাম-ঠিকানা, ব্র্যান্ড নাম ইত্যাদি প্যাকিং শীটের ওপর ছাপিয়ে তারপর এই মেশিনে প্যাক করবেন।

**কীভাবে প্যাক করবেন :** অটোমেটিক মেশিনের বাঁ দিকে থাকে প্যানেল বোর্ড। এই বোর্ডের ডানদিকের ওপরে প্যাকিং হবে তার রোল থাকে। এই প্যাকিং চারটি আনুভূমিক টেনশনে টান-টান জড়িয়ে পরের ধাপে আরো তিনটি ক্রমশ চোঙাকৃতি হয়ে আসা টেনশনের মধ্য দিয়ে নামানো হয়। এই তিনটি টেনশনের মাধ্যমেই শীটটি মুখবন্ধ প্যাকের আকৃতি ধারণ করে। এখানেই থাকে ৪টি হিটার। মেশিন চালালে প্রথম ২টি হিটারের তাপে, ওই শীটের পাশের ২ দিক ও পরের হিটারে মাথা শীল হয়। বাঁ দিকে যে প্যানেল বোর্ড থাকে, তাতে ওপরে একটি সুইচ থাকে, মেশিনটি চালু বা বন্ধ করার জন্য। আর তার নিচে থাকে কতগুলি প্যাক, যা তাপ পরিমাপ করা যন্ত্র। এর নিচে থাকে তাপমাত্রা পরিমাপের জন্য দু'টি সুইচ। প্যাকিং শীটের রোলারের একটু নিচে মেশিনের পেছনে থাকে একটি হপার। এই হপারটি এসে মেশে একটি ট্রেতে। ট্রেতে বড়ো আকারের ৪টি ছিদ্র থাকে, প্রথমে যে তরল বা গুঁড়ো পদার্থ প্যাক করবেন, তা হপারে ঢালবেন। হপারে ঢালার সঙ্গে সঙ্গে ওই সামগ্রী এসে পড়বে ট্রেতে। ট্রেটি চক্রাকারে ঘুরতে থাকে। এর ওপরে থাকে একটি দণ্ড, যা হপার থেকে নামা সামগ্রী ঠেলে দেয় ছিদ্রের দিকে। ওই ছিদ্র ৪টির নিচের দিকে থাকে কাপ। কাপগুলির নিচের দিকের ছিদ্র দিয়ে ওই সামগ্রী এসে পড়ে প্যাকে, তিনটি টেনশনের মাধ্যমে শীটটি চোঙাকৃতি হয়ে যখন নিচে নামে তখন কাপের নিচের ছিদ্র দিয়ে তরল বা গুঁড়ো পদার্থ ওই শীটের চোঙার মধ্যে পড়ে। শীটটি চোঙাকৃতি হয়ে নিচে নামার সময়েই প্রথম দুটি হিটারের তাপে শীটের দু' ধার শীল হয়ে (আটকে) যায়। এরপর ওই চোঙার মধ্যে তরল বা গুঁড়ো পদার্থ ঢোকার পর প্যাকের পিছন দিক অন্য একটি হিটারের তাপে আটকে যায়। হিটারের পাশেই থাকে দু'টি কাটিং ব্লেড। প্যাকেটটি শীল হওয়ার পরই কাটিং ব্লেডে কেটে আলাদা হয়ে যায়। এই মেশিনে ফটো ইলেক্ট্রিক কন্ট্রোলের ব্যবস্থা থাকায় দাগে-দাগে প্যাকিং হয়ে যায়।

এই মেশিনে ৪৫—২৪০ মিলি মিটার লম্বা ও ৩০—২০০ মিলি মিটার চওড়া প্যাকিং হবে। ২৫০ গ্রাম পর্যন্ত গুঁড়ো সামগ্রী বা ১০০ মিলি লিটার পর্যন্ত তরল পদার্থ প্যাক করা যাবে। মেশিন চালাতে লাগবে 'হাফ হর্স পাওয়ারের' মোটর। ১০০ গ্রামের প্যাকেট করলে মিনিটে ৪০টি প্যাক হবে। এই মেশিন পাওয়া যায় বিভিন্ন মাপের। ২০ গ্রাম পর্যন্ত ওজনের প্যাকেট করার ছোট মেশিনের দাম প্রায় ২ লাখ টাকা আর ২০০ গ্রাম পর্যন্ত প্যাকেট করার মেশিনের দাম প্রায় ২ লাখ ২৫ হাজার টাকা।

**কোথায় কী পাবেন :** (1) Modern Flexi Packaging System Pvt Ltd, 3, Garstin Place, B.B.D. Bag, Kolkata-1; (2) Pouch Pro Packaging, 74/577, Nilachal Road, North Extension, Birhati, Kol-34, (3) Shivam Industries. 66, Ezra Street, Radha Bazar, Barabazar Market, Kolkata-1. প্যাকিং শীট পাবেন এই ঠিকানায় : (1) FLEXOGRAPHICS, 178, M.G. Road, Kesoram Katra, Barabazar Market, Kolkata-7, (2) Nice Pack Poly Plast Pvt. Ltd, Room 308, TRPL Towers, 15/B, Armenian Street, Barabazar Market, Kol-1. এখানে কোম্পানির নাম, সামগ্রীর নাম দিয়ে প্যাকিং শীট ছাপিয়েও নিতে পারেন।

## উত্তর-পূর্ব সীমান্ত রেলে

১ পাতার পর

১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। শূন্যপদ : কাটিহার ডিভিশন — ১,১০৩টি। এর মধ্যে ইলেক্ট্রিক্যাল বিভাগে — (i) ইলেক্ট্রিশিয়ান : 65 (UR : 25, OBC 18, SC 10, ST 5, EWS-7), (ii) লাইনম্যান : 65 (UR : 25, OBC 18, SC 10, ST 5, EWS-7).

মেকানিক্যাল বিভাগে —প্লাম্বার : 22 (UR : 9, OBC 6, SC 3, ST 2, EWS-2), কার্পেন্টার : 5 (UR : 2, OBC 1, SC 1, EWS-1). ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) : 24 (UR : 10, OBC 6, SC 4, ST 2, EWS-2), ফিটার : 40 (UR : 16, OBC 11, SC 6, ST 3, EWS-4), টার্নার : 18 (UR : 7, OBC 5, SC 3, ST 1, EWS-2), মেশিনিস্ট : 20 (UR : 8, OBC 5, SC 3, ST 2, EWS-2), ইলেক্ট্রিশিয়ান : 45 (UR : 18, OBC 12, SC 7, ST-3, EWS-5), মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক: 14 (UR : 6, OBC 4, SC 2, ST 1, EWS-1). মেকানিক ইলেক্ট্রিক্যাল ইন্সট্রুমেন্টস: 50 (UR :19, OBC 14, SC 8, ST 4, EWS-5). মেকানিক ডিজেল : 200 (UR : 81, OBC 54, SC 30, ST 15, EWS-20).

টি.ডি.এইচ. ওয়ার্কশপ (মেকানিক্যাল) বিভাগে — ফিটার : 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1).

ইঞ্জিনিয়ারিং বিভাগে — সার্ভেয়র : 25 (UR : 9, OBC 7, SC 4, ST 2, EWS-3). ড্রাফটসম্যান (সিভিল) : 5 (UR : 2, OBC 1, SC 1, EWS-1). ক্যাড-ক্যাম অপারেটর কাম প্রোগ্রামার 20 (UR : 8, OBC 5, SC 3, ST 2, EWS-2). প্লাম্বার 20 (UR : 8, OBC 5, SC 3, ST 2, EWS-2). কার্পেন্টার 15 (UR : 6, OBC 4, SC 2, ST 1, EWS-2). ম্যাসন (বিল্ডিং কনস্ট্রাকশন) 25 (UR : 9, OBC 7, SC 4, ST 2, EWS-3). ফিটার 250 (UR : 100, OBC 68, SC 38, ST 19, EWS-25). বিল্ডিং মেন্টেন্যান্স টেকনিশিয়ান 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1). স্যানিটারি হার্ডওয়্যার ফিটার 15 (UR : 6, OBC 4, SC 2, ST 1, EWS-2). ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) 20 (UR : 8, OBC 5, SC 3, ST 2, EWS-2). মেশিনিস্ট 2 (UR : 1, OBC 1).

**এস. অ্যান্ড টি. বিভাগে** — ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স : 60 (UR :24, OBC 16, SC 9, ST 5, EWS-6). ফিটার 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS -1). কার্পেন্টার 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1).

পার্সোনেল বিভাগে — সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট 3 (UR : 2, OBC 1). কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1). ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স : 4 (UR : 2, OBC 1, SC 1). কম্পিউটার নেটওয়ার্কিং টেকনিশিয়ান 4 (UR : 2, OBC 1, SC 1).

মেডিক্যাল বিভাগে (ডি.আর.এইচ.)— কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 1 (UR ).

মেডিক্যাল বিভাগে (এস.ডি.আর.এইচ/এন.জে.পি.) — হেলথ স্যানিটারি ইন্সপেক্টর 1 (UR). কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 1 (UR).

**অ্যাকাউন্টস বিভাগে** : কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 12 (UR : 5, OBC 3, SC 2, ST-1, EWS-1).

স্টোর্স বিভাগে : কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 2 (UR : 1, OBC 1).

**আলিপুরদুয়ার ডিভিশনে** — ৬৫১টি। এর মধ্যে ইলেক্ট্রিক্যাল বিভাগে — (i) ইলেক্ট্রিশিয়ান : 30 (UR :12, OBC 8, SC 5, ST 2, EWS-3), (ii) লাইনম্যান : 20 (UR : 8, OBC 5, SC 3, ST 2, EWS-2).

মেকানিক্যাল বিভাগে —প্লাম্বার : 5 (UR : 2, OBC 1, SC 1, EWS-1), কার্পেন্টার : 5 (UR : 2, OBC 1, SC 1, EWS-1). ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) : 11 (UR : 4, OBC 3, SC 2, ST 1, EWS-1), ফিটার : 25 (UR : 9, OBC 7, SC 4, ST 2, EWS-3), টার্নার : 5 (UR : 2, OBC 1, SC 1, EWS-1), মেশিনিস্ট : 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1), ইলেক্ট্রিশিয়ান : 25 (UR : 9, OBC 7, SC 4, ST-2, EWS-3), মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক: 5 (UR : 2, OBC 1, SC 1, EWS-1). মেকানিক ইলেক্ট্রিক্যাল ইন্সট্রুমেন্টস: 30 (UR :12, OBC 8, SC 5, ST 2, EWS-3).

**ইঞ্জিনিয়ারিং বিভাগে** — সার্ভেয়র : 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1). ড্রাফটসম্যান (সিভিল) : 5 (UR : 2, OBC 1, SC 1, EWS-1). ক্যাড-ক্যাম অপারেটর কাম প্রোগ্রামার 20 (UR : 8, OBC 5, SC 3, ST 2, EWS-2). প্লাম্বার 20 (UR : 8, OBC 5, SC 3, ST 2, EWS-2). কার্পেন্টার 15 (UR : 6, OBC 4, SC 2, ST 1, EWS-2). ম্যাসন (বিল্ডিং কনস্ট্রাকশন) 25 (UR : 9, OBC 7, SC 4, ST 2, EWS-3). ফিটার 250 (UR : 100, OBC 68, SC 38, ST 19, EWS-25). বিল্ডিং মেন্টেন্যান্স টেকনিশিয়ান 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1). ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) 20 (UR : 8, OBC 5, SC 3, ST 2, EWS-2).

**এস. অ্যান্ড টি. বিভাগে** — ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স : 50 (UR :19, OBC 14, SC 8, ST 4, EWS-5). ফিটার 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1). কার্পেন্টার 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1).

পার্সোনেল বিভাগে — সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট 3 (UR : 2, OBC 1). কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1). ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স : 4 (UR : 2, OBC 1, SC 1). কম্পিউটার নেটওয়ার্কিং টেকনিশিয়ান 4 (UR : 2, OBC 1, SC 1).

মেডিক্যাল বিভাগে (ডি.আর.এইচ) — হেলথ স্যানিটারি ইন্সপেক্টর 1 (UR). কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 1 (UR).

**অ্যাকাউন্টস বিভাগে** : কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 10 (UR : 3, OBC 3, SC 2, ST-1, EWS-1).

স্টোর্স বিভাগে : কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 2 (UR : 1, OBC 1).

**রঙ্গিয়া ডিভিশন** — ৭৫০টি। এর মধ্যে ইলেক্ট্রিক্যাল বিভাগে — (i) ইলেক্ট্রিশিয়ান : 60 (UR : 24, OBC 16, SC 9, ST 5, EWS-6), (ii) লাইনম্যান : 60 (UR : 24, OBC 16, SC 9, ST 5, EWS-6).

মেকানিক্যাল বিভাগে —প্লাম্বার : 18 (UR : 7, OBC 5, SC 3, ST 1, EWS-2), কার্পেন্টার : 5 (UR : 2, OBC 1, SC 1, EWS-1). ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) : 21 (UR : 8, OBC 6, SC 3, ST 2, EWS-2), ফিটার : 30 (UR : 12, OBC 8, SC 5, ST 2, EWS-3), ইলেক্ট্রিশিয়ান : 35 (UR : 14, OBC 9, SC 5, ST-3, EWS-4), মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক: 19 (UR : 8, OBC 5, SC 3, ST 1, EWS-2).

**ইঞ্জিনিয়ারিং বিভাগে** — সার্ভেয়র : 25 (UR : 9, OBC 7, SC 4, ST 2, EWS-3). ড্রাফটসম্যান (সিভিল) : 5 (UR : 2, OBC 1, SC 1, EWS-1). ক্যাড-ক্যাম অপারেটর কাম প্রোগ্রামার 20 (UR : 8, OBC 5, SC 3, ST 2, EWS-2). প্লাম্বার 20 (UR : 8, OBC 5, SC 3, ST 2, EWS-2). কার্পেন্টার 20 (UR : 8, OBC 5, SC 3, ST 2, EWS-2). ম্যাসন (বিল্ডিং কনস্ট্রাকশন) 25 (UR : 9, OBC 7, SC 4, ST 2, EWS-3). ফিটার 250 (UR : 100, OBC 68, SC 38, ST 19, EWS-25). বিল্ডিং মেন্টেন্যান্স টেকনিশিয়ান 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1). ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) 20 (UR : 8, OBC 5, SC 3, ST 2, EWS-2).

**এস. অ্যান্ড টি. বিভাগে** — ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স : 50 (UR :19, OBC 14, SC 8, ST 4, EWS-5). ফিটার 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1). কার্পেন্টার 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1).

পার্সোনেল বিভাগে — সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট 3 (UR : 2, OBC 1). কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 10 (UR : 3, OBC 3, SC 2, ST 1, EWS-1). ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স : 4 (UR : 2, OBC 1, SC 1). কম্পিউটার নেটওয়ার্কিং টেকনিশিয়ান 4 (UR : 2, OBC 1, SC 1).

মেডিক্যাল বিভাগে (ডি.আর.এইচ.)— হেলথ স্যানিটারি ইন্সপেক্টর ১টি (জেনাঃ)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 1 (UR).

মেডিক্যাল বিভাগে (রেলওয়ে হসপিটাল, রঙ্গিয়া) — হেলথ স্যানিটারি ইন্সপেক্টর 1 (UR).

মেডিক্যাল বিভাগে (এস.ডি.আর.এইচ /আর.পি.এ.এন.) — কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট 1 (UR).

**অ্যাকাউন্টস বিভাগে** : কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 10 (UR : 3; OBC 3, SC 2, ST-1, EWS-1).

স্টোর্স বিভাগে : কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : 2 (UR : 1, OBC 1).

**লামডিং ডিভিশনে** — ইলেক্ট্রিক্যাল বিভাগে — 300 (UR : 120, OBC 82, SC 46, ST 22, EWS-30).

মেকানিক্যাল বিভাগে —412 (UR : 164, OBC 113, SC 62, ST 32, EWS-41).

এস. অ্যান্ড টি. বিভাগে — 110 (UR :42, OBC 30, SC 18, ST 9, EWS-11).

**ইঞ্জিনিয়ারিং বিভাগে** — 413 (UR : 165, OBC 111, SC 62, ST 32, EWS-43).

**পার্সোনেল বিভাগে** : 21 (UR :9, OBC 6, SC 4, ST 1, EWS-1).

অ্যাকাউন্টস বিভাগে : 12 (UR : 5, OBC 3, SC 2, ST-1, EWS-1).

মেডিক্যাল বিভাগে (ডি.আর.এইচ) : 3 (UR-2, OBC-1).

মেডিক্যাল বিভাগে (এস.ডি.আর.এইচ / বি.পি.বি.) 1 (UR).

স্টোর্স বিভাগে : 2 (UR-1, OBC-1).

তিনসুকিয়া ডিভিশনে — ইলেক্ট্রিক্যাল বিভাগে — 120 (UR : 48, OBC 32, SC 18, ST 10, EWS-12).

মেকানিক্যাল বিভাগে —324 (UR : 128, OBC 88, SC 50, ST 25, EWS-33).

এস. অ্যান্ড টি. বিভাগে — 70 (UR :25, OBC 20, SC 12, ST 6, EWS-7).

ইঞ্জিনিয়ারিং বিভাগে — 311 (UR : 125, OBC 82, SC 47, ST 24, EWS-33).

পার্সোনেল বিভাগে : 21 (UR : 9, OBC 6, SC 4, ST 1, EWS-1).

অ্যাকাউন্টস বিভাগে : 10 (UR : 3, OBC 3, SC 2, ST-1, EWS-1).

মেডিক্যাল বিভাগে-(ডি.আর.এইচ) : 2 (UR).

স্টোর্স বিভাগে : 2 (UR-1, OBC-1).

নিউ বঙ্গাইগাঁও ওয়ার্কশপে — ইলেক্ট্রিক্যাল বিভাগে — 57 (UR : 23, OBC 16, SC 8, ST 4, EWS-6).

মেকানিক্যাল বিভাগে —764 (UR : 305, OBC 206, SC 117, ST 58, EWS-78).

ইঞ্জিনিয়ারিং বিভাগে — 42 (UR : 18, OBC 11, SC 9, ST 1, EWS-3).

পার্সোনেল বিভাগে : 9 (UR : 5, OBC 3, SC 1).

অ্যাকাউন্টস বিভাগে : 4 (UR : 2, OBC 1, SC 1).

স্টোর্স বিভাগে : 5 (UR-2, OBC-1, SC 1).

ডিব্রুগড় ওয়ার্কশপে — ইলেক্ট্রিক্যাল বিভাগে — 32 (UR : 13, OBC 8, SC 5, ST 3, EWS-3).

মেকানিক্যাল বিভাগে —713 (UR : 285, OBC 191, SC 109, ST 55, EWS-73).

পার্সোনেল বিভাগে : 9 (UR : 5, OBC 3, SC 1).

অ্যাকাউন্টস বিভাগে : 4 (UR : 2, OBC 1, SC 1).

স্টোর্স বিভাগে : 5 (UR-2, OBC-1, SC 1, EWS 1).

উত্তর সীমান্ত রেল হেডকোয়ার্টার্স ইউনিটে —ইঞ্জিনিয়ারিং (এস্টেট / মালিগাঁও) বিভাগে — 92 (UR : 32, OBC 26, SC 17, ST 7, EWS-10).

ইঞ্জিনিয়ারিং (ট্রাক মেশিন) বিভাগে — 125 (UR : 45, OBC 34, SC 22, ST 10, EWS-14). ইঞ্জিনিয়ারিং (ব্রিজ ইউনিটস) বিভাগে — 40 (UR : 16, OBC 10, SC 6, ST 3, EWS-5).

পার্সোনেল বিভাগে : 48 (UR : 19, OBC 13, SC 8, ST 3, EWS-5).

অ্যাকাউন্টস বিভাগে : 25 (UR : 11, OBC 5, SC 4, ST-2, EWS-3).

মেডিক্যাল বিভাগে (সি.এইচ/এল.এম.জি.) : 2 (UR-1, OBC-1).

এস অ্যান্ড টি (এস.ডব্লু.এস. /পি.এন.ও.) 157 (UR 62, OBC 42, SC 26, ST 11, EWS 16).

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন মাসে ৯,৬০০ টাকা। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই। বিজ্ঞপ্তি নং : NFR/NAPS/ ACT APP./2026, Date: 14-07-2026.

মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে মোট শূন্যপদের দেড় গুণ প্রার্থীকে সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে। তারপর মেধা তালিকা তৈরি হবে। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা। এই পদের বেলায় কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nfr.indianrailways.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবে ন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করবেন। এরপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## নদার্ন কোল ফিল্ডে

১ পাতার পর

ডি.জি.এম.এস. থেকে বৈধ মাইনিং সির্দারশিপ সার্টিফিকেট, বৈধ গ্যাস টেস্টিং ও বৈধ ফার্স্ট এড সার্টিফিকেট থাকলে যোগ্য। মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা ডি.জি.এম.এস.'এর দেওয়া ওভারম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট আর বৈধ গ্যাস টেস্টিং ও ফার্স্ট এড সার্টিফিকেট থাকলে আবেদন করতে পারেন। বেসিক মাইনে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ :২৫৪টি (জেনাঃ ১০১, ই.ডব্লু.এস. ২৫, ও.বি.সি. ৬৪, তঃজাঃ ৫১, তঃউঃজাঃ ১৩)। এর মধ্যে ব্যাকলগ শূন্যপদ ৪টি।

সার্ভেয়র টি অ্যান্ড এস গ্রেড-বি (মাইনিং)': মাধ্যমিক পাশরা ডি.জি.এম.এস. অনুদানকৃত সার্ভেয়র সার্টিফিকেট অফ কম্পিটেন্সি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাইনিং অ্যান্ড মাইন সার্ভেয়িংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা ডি.জি.এম.এস.'এর দেওয়া সার্ভেয়র সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। মূল মাইনে মাসে ৫১,১০৩.১২ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ২)। এর মধ্যে ব্যাকলগ শূন্যপদ ৩টি।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ৫-৮-২০২৬'র হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বিজ্ঞপ্তি নং : NCL/SING/HR/Direct-Recruitment/2026-27/246, Date 10-7-2026.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। ১০০ নম্বরের ৯০ মিনিটের পরীক্ষায় থাকবে টেকনিক্যাল বিষয়ে ৭০ নম্বর আর জেনারেল অ্যাওয়ারনেস / অ্যাপ্টিটিউড বিষয়ে ৩০ নম্বর। সফলদের তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। লিখিত পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪০%) নম্বর পেলে সফল হবেন। নেগেটিভ মার্কিং নেই। কোনো ইন্টারভিউ নেই।

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nclcil.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৮০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৪৪,৫২১ GenAI বেসড UI/UX

১ পাতার পর

অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ৩৩,০০০/--৬৫,০০০/- টাকা।

পদ : GenAI বেসড UI/UX ডিজাইনার।

যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/--১৫,০০০/- টাকা।

**উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩১.০৭.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।**

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন :** এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (এপ্রিল-জুন) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৬২,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **GenAI based UI/UX Designer ও GenAI based Product Designer** এই ২ পদে।' এর কারণ কি?

> **শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৬ থেকে ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি হয়।**

উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **UI/UX Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **UI/UX Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX Designer** লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience)** ডিজাইন জিনিসটা ঠিক কী? UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা ট্যুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। আবার এখনকার AI যুগে শুধুমাত্র UI/UX Designer থাকলেই হবে না — আবার ওই টিমে Product Designer ও থাকতে হবে। এখন এই **Product Designer**-এর কাজটা কি? একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। ভাবুন, আপনাকে একটা ফুড ডেলিভারি অ্যাপ ডিজাইন করার কথা বলা হল। **UI/UX Designer**-রা ওই অ্যাপের আউটলুক অর্থাৎ রঙ, ফন্ট, লেআউট ইত্যাদি এমনভাবে তৈরি করল, যাতে সেটা খুবই আকর্ষনীয় হয়। কিন্তু এখানেই কাজ শেষ হয় না। অ্যাপটিকে কিভাবে জনপ্রিয় করা যায় — সেই গুরুত্বপূর্ণ ধাপটাই নির্ভর করে **Product Designer**-এর কাজের ওপর। **Product Designer** মূলত অ্যাপটির সর্বগ্রহণযোগ্যতা, জনপ্রিয়তা ও ইউজার ফ্রেন্ডলিনেস নিয়ে কাজ করে। সোজা বাংলায় বলতে গেলে Product Designer অ্যাপটি ব্যবহারের ক্ষেত্রে ইউজারের সমস্যা মেটাতে বা অ্যাপটির ফিচার কিরকম হবে বা অ্যাপটির ইউজার ফ্লো ও ওয়্যার ফ্রেমস, ইন্টারফেস ডিজাইন ও সর্বোপরি ডেভেলপার ও প্রোডাক্ট ম্যানেজারের সাথে সংযোগ স্থাপন করে অ্যাপটিকে সর্বাধিক জনপ্রিয় করার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

**এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?** উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই GenAI বেসড UI/UX Designer ও Product Designer-এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। শুধুমাত্র **উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও** এই ট্রেনিং নিতে পারবেন। সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই **কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই**, যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ **'ইউজার ইন্টারফেজ (UI)'** (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **GenAI based UI/UX Designer ও GenAI based Product Designer** এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই GenAI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস ChatGPT, Gemini, Claude মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Friendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। আবার প্রোডাক্ট ডিজাইনিংয়ের ক্ষেত্রে এই ইন্ডাস্ট্রির সবচেয়ে গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Undertand the problem', 'Research Users', 'Create User Flows', 'Develop Wireframes', 'Design UI', 'Build Prototypes', 'Launch', 'Measure & Improve'** এর ব্যবহার বিশেষভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools (Figma AI, Galileo AI, FramerAI, Notion AI, MiroAI) এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects, Relume, Midjourney, Uizard এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এছাড়াও, এই কোর্সের মধ্যে এই ট্রেন্ডের সবচেয়ে মডিফায়েড মডিউল যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ইন্ডাস্ট্রির সবচেয়ে উন্নত ১০টির ওপর **AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই GenAI বেসড UI / UX ডিজাইনিং ও প্রোডাক্ট ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX** ডিজাইনিং (শুরুতে মাইনে ১২,০০০/--১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা **প্রোডাক্ট ডিজাইনিং** ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ৩৩,০০০/--৬৫,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'প্রোডাক্ট ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই এই ট্রেনিং নিতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (১২) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালউরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **GenAI based UI/UX Designer ও GenAI based Product Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) এই ট্রেনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৮) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

## D.El.Ed কোর্সে ভরতির শেষ

১ পাতার পর

'ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি.এল.এড.)' কোর্সে ভরতির শেষ তারিখ বাড়িয়ে ২৫ জুলাই করা হয়েছে। পড়ানো হবে রেগুলার বা, ফেস টু ফেস মোডে। এন.সি.টি.ই.'র অনুমোদিত ও পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের স্বীকৃত এই কোর্স ২ বছরের। পড়ানো হবে ২০২৬-২০২৮ সেশনে। এই কোর্স পাশ করলে তবে প্রাইমারি টিচার ও স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারি টিচার হওয়ার জন্য দরখাস্ত করতে পারবেন।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরাও ওই শতকরা হারে নম্বর পেয়ে থাকলেও যোগ্য। তবে তাঁদের বেলায় ৪% সীট সংরক্ষিত আছে। ভোকেশনাল শাখার প্রার্থীদের বেলায় উচ্চমাধ্যমিকে ইংরিজি-সহ দু'টি ল্যাঙ্গোয়েজ বিষয় থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ৪৫ বছর বয়স পর্যন্ত বয়সে ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীদের বেলায় বয়স হতে হবে ৫৫ বছরের মধ্যে। সীট প্রতিটি প্রতিষ্ঠানে ৫০টি করে। তবে কয়েকটি প্রতিষ্ঠানে সীট ১০০টি করে। পড়ানো হবে বাংলা/অন্যান্য মাধ্যমে। মোট সীট প্রায় ৪৬ হাজারের বেশি। এর মধ্যে সরকারি প্রতিষ্ঠানে সীট প্রায় ৩,৭০০টি। বেসরকারি প্রতিষ্ঠানে সীট প্রায় ৪২,০০০টি। এর মধ্যে বাংলা মাধ্যমে সীট প্রায় ৪৫,২০০টি, হিন্দি মাধ্যমে প্রায় ৩০০টি, নেপালী মাধ্যমে প্রায় ১০০টি, উর্দু মাধ্যমে প্রায় ৫০টি, সাঁওতাড় মাধ্যমে প্রায় ৫০টি। এই পদের বিজ্ঞপ্তি নং : No. 132/WBBPE/D.El.Ed/2026/106P-07/26, Date: 17-07-2026.

প্রার্থী বাছাই হবে উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। শতকরা হার নির্ণয়ের সময় প্রথম ও দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ বিষয়-সহ বেস্ট অফ ফাইভে পাওয়া নম্বর দেখা হবে। ই.ভি.এস.'র নম্বর এখানে ধরা হবে না। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন। মেধা তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। সেশন শুরু আগস্টে।

অনলাইনে দরখাস্ত নেওয়া চলবে ২৫ জুলাই, মধ্যরাত পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://wbbpe.wb.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণ পত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০০, ও.বি.সি. হলে ৭৫০) টাকা অনলাইনে দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। প্রতিষ্ঠানের নাম-ঠিকানা পাবেন ওই ওয়েবসাইটে। এছাড়াও যোগ্য কর্মরত যেসব প্রাথমিক শিক্ষক-শিক্ষিকারা এখনো প্রশিক্ষণ নেননি, তাঁরা ২ বছরের এই শিক্ষকতার প্রশিক্ষণে ভরতির জন্য দরখাস্ত করতে পারেন। ভরতির জন্য সংশ্লিষ্ট প্রার্থীরা একইসঙ্গে বিভিন্ন প্রতিষ্ঠানে একাধিক দরখাস্ত করতে পারবেন। তবে কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের ভরতির আবেদন বিবেচিত হবে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক স্কুল কাউন্সিলের নো-অবজেকশনের ভিত্তিতে।

# এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**১০ মার্চ :** ইউরোপীয় ইউনিয়নের প্রথম দেশ হিসাবে, মা থেকে শিশুর মধ্যে এইচআইভি ও সিফিলিস উভয়ের সংক্রমণ নির্মূল করল ডেনমার্ক। আনুষ্ঠানিকভাবে দেশটিকে এই স্বীকৃতি দিয়েছে 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'। এই স্বীকৃতি এটি নিশ্চিত করে যে, ডেনমার্কে গর্ভাবস্থা, প্রসব বা স্তন্যপানের সময় মা থেকে শিশুর মধ্যে এই রোগগুলি ছড়ানো বন্ধ হয়েছে। 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র মানদণ্ড অনুযায়ী, প্রতি ১,০০,০০০ জীবিত জন্মে সংক্রমণের হার ৫০'এর নীচে নামিয়ে আনা আর ৯৫ শতাংশের বেশি গর্ভবতী মহিলার পরীক্ষা ও চিকিৎসা নিশ্চিত করার মাধ্যমে এই সাফল্য অর্জন করা হয়েছে।



এবছর নয়াদিল্লিতে, 'মাহিন্দ্রা এক্সেলেন্স ইন থিয়েটার পুরস্কার'এ 'মেটা জীবনকৃতি সম্মান' পেলেন প্রবীণ অভিনেতা ও চলচ্চিত্র নির্মাতা অমল পালেকর। ভারতীয় থিয়েটার, চলচ্চিত্র ও স্টোরিটেলিংয়ের ক্ষেত্রে তাঁর কয়েক দশকের অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, 'মাহিন্দ্রা এক্সেলেন্স ইন থিয়েটার পুরস্কার' হল ভারতের অন্যতম মর্যাদাপূর্ণ থিয়েটার উৎসব। এবছর ১৯ মার্চ থেকে ২৫ মার্চ নয়াদিল্লিতে এই উৎসব হয়েছে।

❑ রাজস্থানের নাগৌর জেলার 'নাগৌরি পান মেথি'কে পেটেন্ট দিল 'প্রোটেকশন অফ প্লান্ট ভ্যারাইটিস অ্যান্ড ফার্মার্স রাইটস অথরিটি'। এই স্বীকৃতি স্থানীয় কৃষকদের এই বিশেষ জাতের ওপর আইনগত অধিকার ও মালিকানা প্রদান করেছে। এর ফলে নাগৌর জেলার কৃষকরা এই মেথির উৎপাদন ও বাণিজ্যিক ব্যবহারের ওপর আইনি ও বিধিবদ্ধ মালিকানা পেলেন। এই উদ্যোগটি স্থানীয় কৃষকদের অর্থনৈতিক স্বার্থ রক্ষা করবে ও তাঁদের উৎপাদিত ফসলের সঠিক মূল্য পেতে সাহায্য করবে। প্রসঙ্গত উল্লেখ্য, নাগৌরি পান মেথি হল একটি ঐতিহ্যবাহী মেথির জাত। মূলত মুন্ডোয়া, নাগৌর, মের্তা সিটি, জয়াল, দেগানা ও খিনভসারের মতো অঞ্চলে উৎপাদিত হয় এই মেথি।

**১১ মার্চ :** বিশ্বে প্রথম পারকিন্সন রোগ ও গুরুতর হৃদযন্ত্র বিকলতায় যুগান্তকারী স্টেম-সেল থেরাপির অনুমোদন দিল জাপান। দেশটির ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান 'সুমিতোমো ফার্মা'র তৈরি, এই স্টেম-সেল থেরাপিটির নাম 'অ্যামচেপ্রি'। এই পদ্ধতিতে রোগীর মস্তিষ্কে স্টেম-সেল প্রতিস্থাপন করা হয়। এছাড়াও, হার্টের রোগ সারাতেও স্টেম কোশকে কাজে লাগাচ্ছেন জাপানিরা। এক্ষেত্রে হার্টের কোশ ও হৃদপেশি তৈরি করতে পারে, এমন স্টেম কোশ তৈরি করে শরীরে প্রতিস্থাপন করা হবে। সেই কোশগুলিই বিকল হতে চলা হার্টকে আবার আগের রূপে ফিরিয়ে আনবে। এই স্টেম-সেল গবেষণায় ৫০ থেকে ৬৯ বছর বয়সি মোট ৭ জন পারকিন্সন রোগী অংশ নেন। তাঁদের প্রত্যেকের মস্তিষ্কের দুই পাশে মোট ৫০ লাখ বা ১ কোটি কোশ প্রতিস্থাপন করা হয়। গবেষণায় বলা হয়েছে, রোগীদের দু'বছর ধরে পর্যবেক্ষণে রাখা হয় ও এইসময় বড় ধরনের পার্শ্বপ্রতিক্রিয়া পাওয়া যায়নি। এছাড়া, ৭ জনের মধ্যে ৪ জন রোগীর উপসর্গে উন্নতির লক্ষণও দেখা গেছে।

❑ ভারতে প্রথমবারের মতো পরোক্ষ নিষ্কৃতিমৃত্যুর (প্যাসিভ ইউথেনেশিয়া) অনুমতি দিল সুপ্রিম কোর্ট। ১৩ বছর ধরে কোমায় থাকা ৩২ বছর বয়সি যুবক হরিশ রানার জন্য এই নিষ্কৃতিমৃত্যুর অনুমতি দেওয়া হয়েছে। 'পঞ্জাব বিশ্ববিদ্যালয়'এর ছাত্র ছিলেন তিনি। পড়াশোনার জন্য চণ্ডীগড়ের একটি হস্টেলে থাকতেন। ২০১৩ সালের ২০ আগস্ট, হস্টেলের চারতলার ব্যালকনি থেকে পড়ে গিয়ে মাথায় গুরুতর আঘাত পেয়ে কোমায় চলে যান তিনি। এদিন চিকিৎসা বিজ্ঞানের সব দিক খতিয়ে দেখে এই অনুমতি দেওয়া হয়েছে।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

**১২ মার্চ :** তামিলনাড়ুর 'মাদুরাই বিমানবন্দর'কে একটি আন্তর্জাতিক বিমানবন্দর হিসাবে ঘোষণা করার প্রস্তাবে অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। এই মর্যাদায় উন্নীত হওয়ার ফলে আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থা আরও জোরদার হবে, বাণিজ্যের প্রসার ঘটবে ও ওই অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নের গতি আরও বাড়বে বলে মনে করা হচ্ছে।

**১৪ মার্চ :** ওবিসি কোটা থেকে প্রার্থীর বাদ পড়ার সিদ্ধান্ত শুধু বাবা-মায়ের আয়ের ভিত্তিতে নেওয়া যাবে না বলে জানিয়ে দিল 'সুপ্রিম কোর্ট'। বিচারপতি পি.এস.নরসিমা ও আর.মহাদেবন'এর একটি বেঞ্চ রায় দিয়েছে যে, বাবা-মায়ের চাকরির মর্যাদা ও বিভাগও বিবেচনা করা উচিত। আয় ও সম্পদ শুধু অতিরিক্ত মানদণ্ড হিসাবে কাজ করবে। প্রসঙ্গত উল্লেখ্য, এখন 'ক্রিমি লেয়ার' নির্ধারণের জন্য আয়ের সীমা বার্ষিক ৮ লাখ টাকা।


❑ রাজ্যের প্রথম আদিবাসী বাজরা-ভিত্তিক খাদ্যতালিকা 'আরাকু কৌনি'র সূচনা করলেন আন্ধ্রা প্রদেশের মুখ্যমন্ত্রী এন.চন্দ্রবাবু নাইডু। এই উদ্যোগের লক্ষ্য হল, আদিবাসী সম্প্রদায়ের ঐতিহ্যবাহী বাজরা-ভিত্তিক খাদ্যাভ্যাসকে মূল ধারার খাদ্য সংস্কৃতির অন্তর্ভুক্ত করা ও সেইসঙ্গে আন্ধ্রা প্রদেশের আদিবাসী অঞ্চলগুলির সমৃদ্ধ রন্ধনশৈলীকে তুলে ধরা। এই 'আরাকু কৌনি' খাদ্যতালিকায় রয়েছে আল্লুরি সীতারামা রাজু জেলার খাঁটি আদিবাসী খাবার, যার মধ্যে রয়েছে কোরা পায়সাম, রাগি চাপাটি, সামালা পুলিহোরা ও কাস্তলা আম্বালি। আদিবাসী অঙ্গনওয়াড়ি কর্মী, ইন্ডিয়ান কুলিনারি ইনস্টিটিউট ও আন্ধ্রা প্রদেশ পর্যটন দফতরের সহায়তায় এই উদ্যোগটি গড়ে উঠেছে।



২০২৫ সালের জন্য ৬০ তম মর্যাদাপূর্ণ 'জ্ঞানপীঠ পুরস্কার'এর জন্য নির্বাচিত হলেন প্রখ্যাত তামিল কবি, গীতিকার ও লেখক আর.বৈরামুথু। ভারতের সর্বোচ্চ সাহিত্য সম্মান এটি। তামিল সাহিত্য, কবিতা ও চলচ্চিত্রের গানে তাঁর কয়েক দশকের অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেয়েছেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, ভারতীয় ভাষায় অসাধারণ কাজের স্বীকৃতি হিসাবে লেখকদের প্রতি বছর এই পুরস্কার দেওয়া হয়।

**১৫ মার্চ :** ধোলেরার কাছে বাভলিয়ারি গ্রামে, নিজেদের প্রথম পুরোপুরি দেশীয় প্রযুক্তিতে তৈরি সাউন্ডিং রকেট সফলভাবে উৎক্ষেপণ করল গুজরাত, যা রাজ্যের বেসরকারি মহাকাশ গবেষণা ক্ষেত্রের জন্য এক উল্লেখযোগ্য মাইলফলক। এই প্রথম গুজরাতের মাটি থেকে কোনো রকেট উৎক্ষেপণ করা হল। এই রকেটটি তৈরি করেছে আহমেদাবাদের স্টার্টআপ 'ওমস্পেস রকেট অ্যান্ড এক্সপ্লোরেশন প্রাইভেট লিমিটেড'। এই সিঙ্গল-স্টেজ সাব-অরবিটাল সাউন্ডিং রকেটটি সফলভাবে প্রায় ৩ কিলোমিটার উচ্চতায় পৌঁছেছে। রকেটটি এমন বেশ কিছু সিস্টেম পরীক্ষা করেছে, যা ভবিষ্যতের মহাকাশ অভিযানের জন্য অপরিহার্য।

❑ অসমের 'মানস জাতীয় উদ্যান'এ একটি নতুন উদ্ভিদ প্রজাতির আবিষ্কার করেছেন 'গুয়াহাটি বিশ্ববিদ্যালয়'এর উদ্ভিদবিজ্ঞানীরা। অসমের বিখ্যাত গায়ক প্রয়াত জুবিন গর্গ'এর নামানুসারে এই উদ্ভিদটির নামকরণ করা হয়েছে 'অসবেকিয়া জুবিনগার্গিয়ানা'। দীর্ঘদিনের গবেষণার পর এই বিশেষ উদ্ভিদটি শনাক্ত করতে সক্ষম হন গবেষকরা। 'মেলাস্টোমেটেসি' পরিবারভুক্ত এই উদ্ভিদটি একটি গুল্মজাতীয় গাছ, যা প্রায় ৩.৫ মিটার পর্যন্ত উঁচু হতে পারে। গাছটির অন্যতম আকর্ষণ হল এর গোলাপি রঙের সুন্দর ফুল। সেপ্টেম্বর থেকে জানুয়ারির মধ্যে এই গাছে ফুল ও ফল আসে।



'মেটা'র সিইও মার্ক জুকারবার্গ'এর রেকর্ড ভেঙে, বিশ্বের সর্বকনিষ্ঠ স্ব-উপার্জিত বিলিয়নেয়ারে পরিণত হলেন ২২ বছর বয়সি সূর্য মিধা। এআই স্টার্টআপ 'Mercor'এর ভারতীয় বংশোদ্ভূত এই সহ-প্রতিষ্ঠাতা এবছর 'ফোর্বস'এর তরফ থেকে প্রকাশিত 'বিশ্ব বিলিয়নেয়রদের তালিকা'য় স্থান পেয়েছেন। তাঁর মোট সম্পদের পরিমাণ ২.২ বিলিয়ন ডলার। ২০২৩ সালে ব্রেন্ডন ফুডি ও আদর্শ হিরেমাথ'এর সঙ্গে 'Mercor' প্রতিষ্ঠা করেন সূর্য। এর আগের রেকর্ডটি ছিল মার্ক জুকারবার্গ'এর দখলে, যিনি মাত্র ২৩ বছর বয়সে বিলিয়ন ডলারের মাইলফলক ছুঁয়েছিলেন।

**১৬ মার্চ :** ওড়িশার প্রথম 'স্মার্ট গ্রাম' হতে চলেছে কেন্দ্রপাড়া জেলার কুসুনপুর। কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের অধীন, 'কাউন্সিল অফ সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ' এই উদ্যোগটি চালু করেছে। এই গ্রামটিতে প্রায় ১৩০টি পরিবার ও ৭০০ জন মানুষ বাস করেন ও এটি স্মার্ট গ্রামীণ রূপান্তরের একটি মডেল হিসাবে কাজ করবে। উন্নত প্রযুক্তি ও বৈজ্ঞানিক সমাধানগুলি সরাসরি গ্রামীণ জনগোষ্ঠীর কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে চালু হয়েছে কুসুনপুর স্মার্ট ভিলেজ প্রকল্পটি। সিএসআইআর'এর বিভিন্ন ল্যাব, স্থানীয় প্রশাসন এই উদ্যোগে সহযোগিতা করবে।

**১৭ মার্চ :** এই প্রথমবারের মতো অসম থেকে ইউরোপে জিআই ট্যাগযুক্ত 'জোহা' চাল রফতানি করা হল। যুক্তরাজ্য ও ইতালিতে ২৫ মেট্রিক টন জোহা চাল রফতানি করা হয়েছে। অসম কৃষি বিভাগের সহযোগিতায়, 'অ্যাগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি' এই রফতানি করেছে। এই রফতানির লক্ষ্য হল, স্থানীয় উৎপাদনকারী গোষ্ঠী ও আন্তর্জাতিক ক্রেতাদের মধ্যে সরাসরি বাজার সংযোগ জোরদার করা। প্রসঙ্গত উল্লেখ্য, 'জোহা' চাল হল অসমের একটি স্থানীয় সুগন্ধী চাল, যা এর গন্ধ, সরু দানা ও সমৃদ্ধ স্বাদের জন্য পরিচিত। ২০১৭ সালে জিআই ট্যাগ পায় এই চাল।

❑ দ্রুত নথি ও পার্সেল পৌঁছে দিতে, '২৪ স্পিড পোস্ট' ও '৪৮ স্পিড পোস্ট' প্রিমিয়াম পরিষেবা চালু করল ডাক বিভাগ। '২৪ স্পিড পোস্ট' বুক করার পরের দিনই গন্তব্যে পৌঁছে যাবে আর '৪৮ স্পিড পোস্ট' পরিষেবায় সর্বোচ্চ দু'দিনের মধ্যে ডেলিভারি নিশ্চিত করা হবে। প্রাথমিকভাবে কলকাতা, দিল্লি, মুম্বই, চেন্নাই, বেঙ্গালউরু ও হায়দরাবাদে এই পরিষেবা চালু হচ্ছে। নথি ছাড়াও, ৫ কেজি পর্যন্ত ওজনের পার্সেলের জন্য থাকছে '২৪ স্পিড পোস্ট পার্সেল' সুবিধা। এই পার্সেলগুলি মূলত আকাশপথে পাঠানো হবে, তবে প্রয়োজনে দ্রুততম সড়কপথও ব্যবহার করা হতে পারে। খুচরো গ্রাহকদের পাশাপাশি বিভিন্ন কর্পোরেট বা বড় ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিও ডাক বিভাগের সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে এই প্রিমিয়াম পরিষেবা গ্রহণ করতে পারবেন।

**১৮ মার্চ :** এবছর মর্যাদাপূর্ণ 'মার্ক লিন্টন ইতিহাস পুরস্কার' পেলেন ইতিহাসবিদ ও লেখক উইলিয়াম ডালরিম্পল। তাঁর লেখা বই 'The Golden Road: How Ancient India Transformed the World'এর জন্য এই পুরস্কার পেলেন তিনি। ১০,০০০ মার্কিন ডলার মূল্যের এই পুরস্কারটি এমন সব ঐতিহাসিক রচনাকে স্বীকৃতি দেয়, যেখানে গভীর গবেষণার সঙ্গে চিত্তাকর্ষক কাহিনীবিন্যাসের সংমিশ্রণ ঘটেছে।

❑ নেপালের প্রথম রূপান্তরকামী মহিলা সংসদ সদস্য হিসাবে নির্বাচিত হয়ে ইতিহাস গড়লেন ভূমিকা শ্রেষ্ঠ। 'রাষ্ট্রীয় স্বতন্ত্র পার্টি'র তরফ থেকে তাঁকে দলীয় তালিকা থেকে মনোনীত সাংসদ হিসাবে ঘোষণা করে নেপালের নির্বাচন কমিশন। নেপালের ২৭৫ সদস্যের প্রতিনিধি পরিষদে এখন প্রান্তিক জনগোষ্ঠীর কণ্ঠস্বর হিসাবে কাজ করবেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, বছরের পর বছর ধরে বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে রূপান্তরকামী মানুষদের মর্যাদা ও অধিকারের দাবিতে কাজ করেছেন ভূমিকা।

❑ 'আইআইটি কানপুর'এর সহযোগিতায়, 'SATHEE' (সেল্ফ-অ্যাসেসমেন্ট, টেস্ট অ্যান্ড হেল্প ফর এন্ট্রান্স এক্সামস) প্ল্যাটফর্ম চালু করল কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক। এটি হল পুরোপুরি বিনামূল্যে পরিচালিত একটি ডিজিটাল লার্নিং প্ল্যাটফর্ম, যার লক্ষ্য হল সেইসব শিক্ষার্থীদের শিক্ষার সুযোগ দেওয়া, যাঁদের ব্যয়বহুল বেসরকারি কোচিং নেওয়ার সামর্থ্য নেই। প্রাথমিকভাবে জেইই (ইঞ্জিনিয়ারিং) ও নিট (মেডিক্যাল) পরীক্ষার প্রস্তুতির জন্য এটি চালু হলেও, পরে সিইউইটি, এসএসসি, আইবিপিএস, আইসিএআর, ক্ল্যাট ও আরআরবি'র মতো পরীক্ষার ক্ষেত্রেও এটি চালু হবে।

**১৯ মার্চ :** এবছর 'স্টকহোম ওয়াটার পুরস্কার'এ ভূষিত হলেন 'ইউনাইটেড নেশনস ইউনিভার্সিটি ইনস্টিটিউট ফর ওয়াটার, এনভায়রনমেন্ট অ্যান্ড হেলথ'এর ডিরেক্টর কাভেহ মাদানি। জল গবেষণা ক্ষেত্রে বিশ্বের অন্যতম মর্যাদাপূর্ণ সম্মান এটি। এই পুরস্কারের ৩৫ বছরের ইতিহাসে সর্বকনিষ্ঠ প্রাপক ৪৪ বছর বয়সি কাভেহ মাদানি। সেইসঙ্গে প্রথম রাষ্ট্রসঙ্ঘ কর্মকর্তা ও প্রথম প্রাক্তন রাজনীতিবিদ হিসাবেও এই পুরস্কার পেলেন তিনি। এমন ব্যক্তি বা সংস্থাকে এই পুরস্কার দেওয়া হয়, যাঁরা জলসম্পদ সংরক্ষণ ও সুরক্ষায় অসামান্য অবদান রাখেন।

❑ ২০২৫ সালের জন্য, ভুবনেশ্বরে 'কেআইএসএস মানবতাবাদী পুরস্কার' পেলেন নীতা আম্বানি। শিক্ষা, স্বাস্থ্যসেবা, নারীর ক্ষমতায়ন, গ্রামীণ উন্নয়ন ও ক্রীড়া ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। 'রিলায়েন্স ফাউন্ডেশন'এর মাধ্যমে এই অবদান রেখেছেন তিনি। 'কলিঙ্গ ইনস্টিটিউট অফ সোশ্যাল সায়েন্সেস'এর ক্যাম্পাসে এই পুরস্কার দেওয়া হয়েছে।

❑ এবছর 'বিশ্ব সুখ প্রতিবেদন'এ টানা নবমবারের মতো বিশ্বের সবথেকে সুখী দেশের মুকুট ধরে রাখল ফিনল্যান্ড। সামাজিক নিরাপত্তা, মানুষের আস্থা ও প্রকৃতির সঙ্গে গভীর সম্পর্কের কারণে এই তালিকায় শীর্ষে রয়েছে দেশটি। তালিকায় দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে আইসল্যান্ড ও ডেনমার্ক। অন্যদিকে, এই তালিকায় ১৪৭টি দেশের মধ্যে ১১৬ তম স্থানে রয়েছে ভারত। প্রতি বছর 'অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়'এর 'ওয়েলবিয়িং রিসার্চ সেন্টার', রাষ্ট্রসঙ্ঘ-সহ বিভিন্ন সংস্থার সঙ্গে যৌথভাবে 'বিশ্ব সুখ প্রতিবেদন' তৈরি করে।

**২০ মার্চ :** মহিলাদের টোয়েন্টি-২০ আন্তর্জাতিক ক্রিকেটের ইতিহাসে সর্বকনিষ্ঠ শতরানকারী হয়ে বিশ্বরেকর্ড গড়লেন রুয়ান্ডার ১৫ বছর বয়সি ক্রিকেটার ফ্যানি উতাগুশিমানিন্দে। এদিন, নাইজেরিয়ার লাগোসে 'নাইজেরিয়া ইনভিটেশনাল উইমেনস টোয়েন্টি-২০ টুর্নামেন্ট'এ ঘানার বিপক্ষে অভিষেকে এই অনন্য রেকর্ড গড়েন তিনি। শতরান করার সময় তাঁর বয়স ছিল মাত্র ১৫ বছর ২২৩ দিন। মাত্র ৬৫ বলে অপরাজিত ১১১ রান করেন তিনি, যা তাঁর অভিষেক ম্যাচেই সর্বোচ্চ ব্যক্তিগত ইনিংসের রেকর্ড। এর আগে সর্বকনিষ্ঠ শতরানকারী ছিলেন উগান্ডার প্রোসকোভিয়া আলাকো। ২০১৯ সালে মালির বিপক্ষে শতরান হাঁকানোর সময় তাঁর বয়স ছিল ১৬ বছর ২৩৩ দিন।

**২২ মার্চ :** নিউজিল্যান্ডের তাউপোতে, মর্যাদাপূর্ণ 'ফুল আয়রনম্যান নিউজিল্যান্ড' ট্রায়াথলন ১১ ঘন্টা ৫০ মিনিটে সম্পন্ন করে ইতিহাস গড়লেন ঝাড়খণ্ডের জামশেদপুরের ৩৩ বছর বয়সি ক্রীড়াবিদ অনন্ত রানা। ৩.৮ কিলোমিটার সাঁতার, ১৮০ কিলোমিটার সাইক্লিং ও ৪২ কিলোমিটার ম্যারাথন দৌড় নির্ধারিত ১৭ ঘন্টার অনেক আগেই শেষ করে এই কৃতিত্ব গড়েন তিনি। মোট ১১ ঘন্টা ৫০ মিনিটের মধ্যে সাঁতার ১ ঘন্টা ২৮ মিনিটে, সাইক্লিং ৬ ঘন্টা ১৯ মিনিটে ও ম্যারাথন দৌড় ৩ ঘন্টা ৪৬ মিনিটে শেষ করেন তিনি।

❑ এবছর 'ইনস্টিটিউট ফর ইকনমিক্স অ্যান্ড পিস'এর তরফ থেকে প্রকাশিত 'বিশ্ব সন্ত্রাস সূচক' তালিকায় শীর্ষ স্থানে পেল পাক-ই-স্তান। রিপোর্ট অনুযায়ী, ২০২৫ সালে দেশটিতে মোট ১,০৪৫টি জঙ্গিহানার ঘটনায় ১,১৩৯ জনের মৃত্যু হয়েছে। এমন নজির বিশ্বে আর কোনো দেশের নেই। ২০২০ সালের তুলনায় ২০২৫ সালে দেশটিতে সন্ত্রাসবাদী হামলার ঘটনা বেড়েছে ৬ গুণ। অন্যদিকে, সন্ত্রাসবাদে ক্ষতিগ্রস্ত দেশগুলির তালিকায় ১৩ তম স্থানে আছে ভারত।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## পড়ে থাকা নিয়োগের অবস্থান জানতে

১ পাতার পর

ও.বি.সি.'দের ৭% সংরক্ষণের পক্ষে রায় দিলেও বিষয়টি নিয়ে সুপ্রিম কোর্ট এখনো কোনো চূড়ান্ত নির্দেশ দেয়নি। এই অবস্থায় রাজ্যের অনগ্রসর শ্রেণি কল্যাণ দফতর রাজ্যের প্রায় ১১টি নিয়োগকারী সংস্থার কাছে নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য জানতে চেয়েছে। চিঠিতে জানানো হয়েছে, সাম্প্রতিক পরিস্থিতির কারণে সরকারি চাকরিতে সংরক্ষণ নীতি ও শূন্যপদ পূরণের প্রক্রিয়া নিয়ে উচ্চ পর্যায়ে আলোচনার প্রয়োজন আছে। তাই পাব্লিক সার্ভিস কমিশন, কলেজ সার্ভিস কমিশন, স্কুল সার্ভিস কমিশন, মাদ্রাসা সার্ভিস কমিশন, প্রাথমিক শিক্ষা পর্ষদ, পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড, হেলথ রিক্রুটমেন্ট বোর্ড, কো-অপারেটিভ সার্ভিস কমিশন, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন কর্তৃপক্ষের কাছে কোন কোন পদের নিয়োগ কতদূর পর্যন্ত হয়েছে বা, নিয়োগের বর্তমান অবস্থা কী, তার বিস্তারিত তথ্য চলতি সপ্তাহের মধ্যেই জমা দিতে বলা হয়েছে। চিঠিতে এই ৩টি বিষয় জানতে চাওয়া হয়েছে : (১) ২০২৪ সালের ২২ মে'র আগে শুরু হওয়া নিয়োগের অবস্থা, (২) ২০২৫ সালের ১০ জুন থেকে ২০২৬ সালের ১৮ মে'র মধ্যে শুরু হওয়া নিয়োগের অবস্থা, (৩) ২০২৬ সালের ১৮ মে'র পর শুরু হওয়া নিয়োগের অবস্থা।

সব দফতরের দেওয়া তথ্য আলোচনা করে আর বর্তমান ও.বি.সি. সংরক্ষণ প্রথা মেনে নিয়ে রাজ্য সরকার দ্রুত নিয়োগ করতে চাইছে। ও.বি.সি. সংরক্ষণ প্রথা কোন নিয়ম মেনে হবে তা উচ্চ পর্যায়ের আলোচনার পরই ঠিক হবে। ২০১০ সালের আগে ও.বি.সি.'দের জন্য ৭% সংরক্ষণ ছিল। ২০১০ সালের পর তৎকালীন সরকার ও.বি.সি. সংরক্ষণ ৭% থেকে বাড়িয়ে ১৭% করেছে। তখনই ও.বি.সি. -'এ' ক্যাটেগরিদের জন্য ১০% আর ও.বি.সি.-'বি' ক্যাটেগরিদের জন্য ৭% সংরক্ষণ প্রথা চালু করে। ২০২৪ সালের ২৪ মে'র পর ও.বি.সি. সংরক্ষণ নিয়ে হাই কোর্টে একাধিক মামলা হয়। মামলার রায়ে ও.বি.সি. গোষ্ঠী নিয়ে পর্যালোচনা করা হয়। তাতে বেশ কয়েকটি গোষ্ঠী বাদ পরে যায়। সম্প্রতি হাই কোর্ট যে রায় দিয়েছে, তাতে ৬৬টি ও.বি.সি. গোষ্ঠীর জন্য ৭% সংরক্ষণের কথা বলা হয়েছে।

## নবম থেকে দ্বাদশের শিক্ষক নিয়োগ

১ পাতার পর

২০১৬ সালের প্যানেল বাতিল করে নতুন করে নিয়োগ করার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। সেই নির্দেশ মেনে স্কুল সার্ভিস কমিশন নবম ও দশম শ্রেণির পরীক্ষা নিয়েছিল ৭ সেপ্টেম্বর আর একাদশ ও দ্বাদশ শ্রেণির পরীক্ষা নিয়েছিল ১৪ সেপ্টেম্বর।

একাদশ ও দ্বাদশ শ্রেণির ইন্টারভিউ শেষ হওয়ার পর ৩৫টি বিষয়ের মধ্যে ২১টি বিষয়ের সুপারিশপত্র দেওয়া হয়েছিল এবছর এপ্রিল মাস নাগাদ। প্রায় ৩,৫০০ জন প্রার্থীকে সুপারিশপত্র দিয়ে স্কুল বাছাইয়ের কাজ শেষ হলেও তাঁরা এখনো চূড়ান্ত নিয়োগপত্র পাননি। তাছাড়া এখনো ১৪টি বিষয়ের কোনো প্রার্থীই সুপারিশপত্র পাননি। একাদশ-দ্বাদশ শ্রেণিতে ১২,৪৪৫টি শূন্যপদের মধ্যে প্রায় ৯ হাজার প্রার্থীর সুপারিশপত্র দেওয়া হয়নি।

অন্যদিকে, নবম-দশম শ্রেণিতে শূন্যপদ আছে ২৩,২০৯টি। লিখিত পরীক্ষার ফল বেরোনোর পর শুধুমাত্র সার্টিফিকেট ভেরিফিকেশন হয়েছে। এখনো ইন্টারভিউ প্রক্রিয়াও শুরু হয়নি।

৩১ আগস্টের মধ্যে নিয়োগ প্রক্রিয়া শেষ করার নির্দেশ থাকলেও কীভাবে এই স্বল্প সময়ে নিয়োগ প্রক্রিয়া শেষ হবে তা নিয়ে দুশ্চিন্তায় চাকরিহারা প্রার্থীরা। শিক্ষামন্ত্রী দীপক বর্মন জানান, সুপ্রিম কোর্টের রায় মেনে ৩১ আগস্টের মধ্যে নিয়োগ প্রক্রিয়া শেষ করার লক্ষ্য স্থির করা হয়েছে। স্কুল সার্ভিস কমিশনের নতুন চেয়ারম্যানও নিযুক্ত হয়েছেন। ফলে দ্রুত নিয়োগ প্রক্রিয়া শুরু করা হবে বলে আশ্বাস দেওয়া হয়েছে।

চাকরিহারা প্রার্থীরা জানান, ১,৫০০ জন যোগ্য শিক্ষক-শিক্ষিকা রয়েছেন, যাঁরা নবম-দশম বা, একাদশ-দ্বাদশ কোনো পরীক্ষাতেই পাশ করতে পারেননি। ১০ বছর চাকরি করার পর তাঁরা আজ চাকরিহারা। নতুন সরকার তাঁদের জন্য কী ব্যবস্থা নেবে, সেটাই দেখার। তাছাড়া নবম-দশমে এখনো ইন্টারভিউ প্রক্রিয়াই শুরু হয়নি, সেখানে কী করে ৩১ আগস্টের মধ্যে নিয়োগপ্রক্রিয়া শেষ হবে?


তুলসীর সরকারি চাকরির সেরা বই

- [illegible] ₹ : 440
- TULSHIR POLICE HANDBOOK & PRACTICE SET ₹ : 590
- TULSHIR ICDS PRACTICE SET ₹ : 350
- WBJEE ANM (R) & GNM ₹ : 460
- TULSHIR PRIMARY TET HANDBOOK ₹ : 700
- TULSHIR PRIMARY TET PRACTICE SET ₹ : 500
- TULSHIR UPPER PRIMARY TET HANDBOOK (Sci. & Arts) ₹ : 890
- TULSHIR UPPER PRIMARY TET PRACTICE SET (Arts) ₹ : 500
- তুলসীর পরিবেশবিদ্যা (পেডাগজি-সহ) ₹ : 400

Tulshi Publishing
9903210844 / 8100480354


## বন দফতরে নিয়োগ

১ পাতার পর

বোর্ডের মাধ্যমে। বন সহায়ক পদে ২০২৩ সালে একবার নিয়োগের বিজ্ঞপ্তি বেরিয়েছিল। প্রার্থী বাছাই হয়েছিল 'সার্কেল এনগেজমেন্ট বোর্ড'এর মাধ্যমে। সেই নিয়োগ নিয়ে দুর্নীতির অভিযোগও উঠেছিল। তাই নতুন সরকার চাইছে ফরেস্ট গার্ডের মতো বন সহায়ক পদেও নিয়োগ করা হবে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে। ফরেস্ট রেঞ্জার পদে নিয়োগ করা হয় পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে। ক্লার্ক পদে নিয়োগ করা হয় পি.এস.সি.'র ক্লার্কশিপ পরীক্ষার মাধ্যমে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী 'অরণ্য সপ্তাহ' উদযাপন অনুষ্ঠানে জানান, বনকর্মীরা অনেক ঝুঁকি নিয়ে কাজ করেন। গাছ পাচার রুখতে পুলিশের সঙ্গে বনকর্মীদের কাজ করতে হবে। আগের সরকার বন দফতরকে অবহেলা করেছে। কোনো নিয়োগ করেনি। তাই বন দফতরে যে শূন্যপদ ফাঁকা আছে, সেগুলি দ্রুত পূরণ করা হবে।


কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆: 9830795430



কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে
সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ

SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH
INC, WBNC & WBUHS স্বীকৃত

Visit Us : www.smanr.co.in
E-mail : smanr.beert@gmail.com



Courses Offered

B.Sc নার্সিং — 60 Seats (4 Years)
GNM নার্সিং — 60 Seats (3 Years)

Admission Open for Current Academic Session
যে কোনো বয়সের মেয়েরাই আবেদন করতে পারেন।

সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ
● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।
স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।

যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani)
Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246
Ph. : 9903205182, 8017656252
N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) Opening soon in this year



RICE ADAMAS GROUP

RICE Education - এর ১৬তম সমাবর্তন উৎসব, কেন্দ্র ও রাজ্য সরকারি চাকরিতে সদ্য নিযুক্ত আমাদের সফল ছাত্রছাত্রীদের সংবর্ধনা জ্ঞাপন ও পুরস্কৃত করার এক অনন্য উৎসব।

স্বীকৃতি ও শপথে রাইস-এর সমাবর্তন। সরকারি চাকরি পাওয়া ১ হাজার ছাত্রছাত্রীকে ৫ হাজার বর্তমান ছাত্রছাত্রীদের উপস্থিতিতে সাদরে বরণ করে নিল রাইস এর ১৬তম সমাবর্তন উৎসব।

RICE EDUCATION 16th Samabartan Utsav



রাইস অ্যাডামাস গ্রুপের চেয়ারম্যান এবং অ্যাডামাস ইউনিভার্সিটির মাননীয় চ্যান্সেলর প্রফেসর (ড.) সমিত রায় ১৬তম সমাবর্তন উৎসবে উপস্থিত সকল কৃতী শিক্ষার্থী, অভিভাবক এবং অতিথিবৃন্দের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য রাখলেন।



WBCS-2023 Group A Executive পদে অসামান্য কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ অদ্রিজা দে-কে Maruti Alto K10 উপহার দিয়ে সম্মান ও অভিনন্দন জানানো হয়।



WBCS-2022 Group B পদে অসামান্য কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ ঋতিকা ঘোষ-কে Maruti Alto K10 উপহার দিয়ে সম্মান ও অভিনন্দন জানানো হয়।






ড. সুকান্ত মজুমদার, ভারত সরকারের শিক্ষা মন্ত্রক এবং উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন মন্ত্রকের মাননীয় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী

Classroom | Residential
IAS | WBCS | PSC | SSC
Rail | Police | Bank
Insurance

RICE RESIDENTIAL
RICE মেথডোলজি, সেরা আবাসিক পরিবেশে নিশ্চিত সাফল্যের জন্য
পূর্ব ভারতের প্রথম ও একমাত্র সরকারি চাকরির প্রশিক্ষণের আবাসিক প্রোগ্রাম
Residential Program available at Adamas Knowledge City, Barasat

Next batch starts in August 2026
Helpline: 62921 90230

Helpline ✆ 62921 90230
riceeducation.in

Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18026 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013
Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 | Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk : 84799 17957


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com